একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.০৬.০৩৭.২২-২৬৩

তারিখ: ১৬ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ
০১ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

## দপ্তরাদেশ

পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং ৪২.০০.০০০০.০৩৫.২৪.১০০.১৭.৪২২, তারিখ: ১০/০৯/২০২৪খ্রিঃ এর মাধ্যমে **"মুহুরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন"** অনুমোদন করা হয়েছে। সে প্রেক্ষিতে উক্ত গাইডলাইনের ধারা-৫.১ মোতাবেক নিম্নোক্ত ০৯ (নয়) সদস্যের সমন্বয়ে **যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC)** গঠন করা হলো:-

| ক্র: নং | নাম ও পদবী | পদ |
|---|---|---|
| ০১ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী | সভাপতি |
| ০২ | উপ-বিভাগীয় প্রকৌশলী, ফেনী উন্নীত পওর উপ-বিভাগ, বাপাউবো, ফেনী | সদস্য |
| ০৩ | মুহুরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সভাপতি) | সদস্য |
| ০৪ | মুহুরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সচিব) | সদস্য |
| ০৫ | মুহুরী পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (নির্বাচিত প্রতিনিধি) | সদস্য |
| ০৬ | জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফেনী | সদস্য |
| ০৭ | জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-৩, চট্টগ্রাম | সদস্য |
| ০৮ | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফেনী | সদস্য |
| ০৯ | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, ফেনী | সদস্য-সচিব |

(২) **যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) এর কার্যপরিধি/দায়িত্বসমূহ:**

ক) প্রি-পেইড মিটার, সার্ভার সিস্টেম, ভূ-গর্ভস্থ পাইপলাইন ও পাম্পিং সিস্টেম অক্ষুণ্ণ রেখে সকল সেচ কার্যক্রমে পরামর্শ ও সমন্বয় করবে।
খ) নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ এবং বাপাউবো নিয়োজিত অপারেশনাল দলের কার্যক্রমে পরামর্শ ও সমন্বয় করবে।
গ) নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগের Escrow Account হতে অর্থ আদান-প্রদানের কার্যক্রমে পরামর্শ ও সমন্বয় করবে।
ঘ) পানি ব্যবস্থাপনা ফেডারেশন কর্তৃক প্রণীত সেচচার্জ (Water Tariff) মূল্যায়নকরত: অনুমোদন প্রদান করবে।
ঙ) বাপাউবো/উপযুক্ত কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে প্রকল্পের ভূ-পরিস্থ পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করবে।
চ) মুহুরী সেচ প্রকল্পের সেচকার্য পরিচালনার জন্য প্রকল্পের ট্রান্সফরমার, পাম্প/মোটর, প্রি-পেইড মিটার, সার্ভার সিস্টেম ও ভূ-গর্ভস্থ পাইপলাইনসহ সার্বিক ব্যবস্থাপনা ও নিরাপত্তার জন্য জেলা প্রশাসন/আইন শৃংখলা বাহিনীর সাথে সমন্বয়ের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করবে।
ছ) বিভিন্ন পক্ষের দ্বন্দ্ব নিরসনের লক্ষ্যে নিরপেক্ষতার সাথে সালিশকারী হিসাবে দায়িত্ব পালন করবে। বাপাউবো ও মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO) এর প্রতিনিধিগণ ব্যতিত উক্ত কমিটির অন্য সদস্যগণ সালিশকারী হিসাবে দায়িত্বপালন করবে।
জ) প্রকল্পের পরিবেশগত ব্যবস্থাপনা উন্নতকরণের পদক্ষেপ গ্রহণ করবে।

(৩) যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) এর সভা আয়োজনের ক্ষেত্রে **"মুহুরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন"** এর ধারা-৭.২ অনুসরণীয় হবে।

(৪) **"মুহুরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন"** এর ধারা -৫.১১ মোতাবেক যৌথ ব্যবস্থাপনা কমিটি'তে (JMC) কোন বিশেষজ্ঞ ব্যক্তি/সংস্থার প্রতিনিধি প্রয়োজন হলে পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে কো-অপ্ট করা যাবে।

(৫) পানি সম্পদ মন্ত্রণালয় কতৃক অনুমোদিত **"মুহুরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন"** এর ধারা-৫.৮ মোতাবেক মুহুরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা ও পওর কার্যক্রম বাৎসরিক পর্যালোচনা ও মূল্যায়নের জন্য নিম্নবর্ণিত ৭ (সাত) জন কর্মকর্তাদের সমন্বয়ে কেন্দ্রীয় কমিটি গঠন করা হলো:-

| ক্র: নং | নাম ও পদবী | পদ |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ০২ | মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ঢাকা। | সদস্য |
| ০৩ | অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ০৪ | অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ০৫ | প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ০৬ | প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা। | সদস্য |
| ০৭ | প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা। | সদস্য-সচিব |

ডায়েরী নং C 89
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব রক্ষক
অফিস সহঃ কাম-কম্পিউটার
মুদ্রাক্ষরিক

তারিখ: ৬/১০/২৪
■ জরুরী/অতি জরুরী
■ প্রয়োজনীয় ব্যবস্থা
■ নথিতে পেশ করুন
■ আলোচনা করুন
■ নথিতে রাখুন

03/10/2024
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

চলমান পাতা-২

৬। **"মুহরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন"**এর ধারা -৫.৬ মোতাবেক মুহরী সেচ প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষনের দায়িত্ব পালন এর নিমিত্ত নির্বাহী প্রকৌশলীর দপ্তর/ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী ও উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর, বাপাউবো, ফেনী দপ্তরের অনুমোদিত সেট-আপভুক্ত নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে একটি টিম/দল গঠন করা হলো:

| ক্র: নং | নাম ও পদবী | পদ |
|---|---|---|
| ০১ | নির্বাহী প্রকৌশলী (পুর) (১ জন) | দলনেতা |
| ০২ | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (১ জন) | সহ-দলনেতা |
| ০৩ | উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর) (৪ জন) | - |
| ০৪ | উপ-বিভাগীয় প্রকৌশলী (তড়িৎ) (১ জন) | - |
| ০৫ | সহকারী প্রকৌশলী (পুর) (১ জন) | - |
| ০৬ | উপ-সহকারী প্রকৌশলী (পুর) (১২ জন) | - |
| ০৭ | উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক) (২ জন) | - |
| ০৮ | সহকারী সম্প্রসারণ কর্মকর্তা/এক্সটেনশন ওভারশিয়ার (২ জন) | - |
| ০৯ | উর্দ্ধতন হিসাব সহকারী/হিসাব করণীক (২ জন) | - |
| ১০ | জিআইএস/এমআইএস ব্যবস্থাপক/সহকারী প্রোগ্রামার (২ জন) | - |

৭। অনুচ্ছেদ-৬ এ বর্ণিত কর্মকর্তাগণের পদায়ন/নিয়োগ বাপাউবো নিশ্চিত করবে।

৮। মুহরী সেচ প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষনের দায়িত্ব পালন এর নিমিত্ত গঠিত টিম/দলের কার্যপরিধি/দায়িত্ব নির্ধারণের ক্ষেত্রে **"মুহরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন"**এর ধারা – ৯ এর উপধারা ৯.১, ৯.২, ৯.৩, ৯.৪, ৯.৫, ৯.৬, ৯.৭ এবং ৯.৮ অনুসরনীয় হবে।

৯। **"মুহরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন"** এর ধারা ৬ (ড) মোতাবেক লিজসমূহ নির্ধারেণের জন্য ০৬ (ছয়) জন কর্মকর্তাদের সমন্বয়ে লিজফি নির্ধারণ কমিটি গঠন করা হলো:

| ক্রমিক নং | নাম ও পদবী | পদ |
|---|---|---|
| ০১ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী | সভাপতি |
| ০২ | নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী | সদস্য-সচিব |
| ০৩ | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, ফেনী | সদস্য |
| ০৪ | মুহরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সভাপতি) | সদস্য |
| ০৫ | মুহরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচত সচিব) | সদস্য |
| ০৬ | মুহরী পানি ব্যবস্থাপনা সমিতি (মনোনীত সদস্য) | সদস্য |

১০। **"মুহরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন"** এর ধারা-১৬ মোতাবেক নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী সম্পাদিত মুহরী সেচ প্রকল্পের সার্বিক দায়িত্বভার পালন করবে ও গাইডলাইন অনুযায়ী ব্যবস্থা নিবে।

১১। **"মুহরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন"** এর ধারা-১৭ মোতাবেক-

ক) মুহরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন" শীর্ষক গাইডলাইনটি অনুমোদনের পরিপ্রেক্ষিতে পূর্বানুমোদিত "Management-Irrigation Management Operator (M-IMO) ব্যবস্থাপনা পরিষদ গঠন ও মুহরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) গাইডলাইনটি এতদ্বারা রহিত করা হলো।

খ) এ সংক্রান্ত বাপাউবো'র ইতোপূর্বে জারিকৃত দপ্তরাদেশসমূহ (বাপাউবো, বোর্ড সচিবলায় স্মারক নং ৪২.০১.০০০.০০৪.০৬.০৩৭.১৯-৪৬১, তারিখ: ১৮/১০/২০২৩খ্রিঃ, ৪২.০১.০০০.০০৪.০৬.০৩৭.১৯-৪৬২, তারিখ: ১৮/১০/২০২৩খ্রিঃ এবং ৪২.০১.০০০.০০৪.০৬.০৩৭.১৯-৪৬৩, তারিখ: ১৮/১০/২০২৩খ্রিঃ) এতদ্বারা রহিত করা হলো।

গ) এছাড়া, বাপাউবো ও M-IMO ব্যবস্থাপনা পরিষদের মধ্যে বিগত ০৭/১১/২০২৩খ্রি: সম্পাদিত চুক্তিটিও রহিত করা হলো।

১২। বর্ণিত সকল কমিটির সদস্যগণ গাইডলাইনের কার্যপরিধি অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

১৩। এই দপ্তরাদেশ অবিলম্বে কার্যকর হবে।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এই দপ্তরাদেশ জারি করা হলো।

০১/১০/২৪

পরিচালক (বোর্ড)
বাপাউবো, ঢাকা।

চলমান পাতা-৩

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.০৬.০৩৭.২২-২৬৩ তারিখঃ ১৬ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/ ০১ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে) (গাইড লাইনের কপিসহ) :

১) মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) উপ-সচিব, উন্নয়ন শাখা-২, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মুঃ নূরুল আমীন
উপ-পরিচালক (বোর্ড)
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.০৬.০৩৭.২২-২৬৩ তারিখঃ ১৬ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/ ০১ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) (গাইড লাইনের কপিসহ) :

১) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ঢাকা।
২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ), বাপাউবো, ঢাকা।
৩) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম/পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৪) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।
৫) প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং- এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬) প্রধান প্রকৌশলী (পুর), পওর/প্রকল্প পরিচালক (অ:দা), আইএমআইপি, বাপাউবো, ঢাকা।
৭) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা- এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
৯) প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
১০) সি.এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর, বাপাউবো, ঢাকা।
১২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী।
১৩) পরিচালক, কর্মচারী পরিদপ্তর/উন্নয়ন, বাপাউবো, ঢাকা।
১৪) পরিচালক (অর্থ/হিসাব/অডিট), বাপাউবো, ঢাকা।
১৫) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা- **বোর্ডের ওয়েবসাইটে গাইডলাইন ও দপ্তরাদেশ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।**
১৬) নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী।
১৭) উপ-পরিচালক (প্রশাসন), আইন বিভাগ, বাপাউবো, ঢাকা।
১৮) উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, ফেনী।
১৯) জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফেনী।
২০) জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-৩, চট্টগ্রাম।
২১) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফেনী।
২২) মুহরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সভাপতি), ফেনী।
২৩) মুহরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সচিব), ফেনী।
২৪) মুহরী পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (নির্বাচিত প্রতিনিধি), ফেনী।
২৫) মুহরী পানি ব্যবস্থাপনা সমিতি/দল (মনোনীত সদস্য), ফেনী।

উপ-পরিচালক (বোর্ড)
বাপাউবো, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৫.২৪.১০০.১৭.৪২২

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: Irrigation Management Improvement Project (IMIP) for Muhuri Irrigation Project শীর্ষক প্রকল্পটির আওতায় মহুরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র: বাপাউবোর স্মারক নং: ১৯৮-অমপ(পরি)-বাপাউবো তারিখ: ২৪-০৭-২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে Irrigation Management Improvement Project (IMIP) for Muhuri Irrigation Project (MIP) (3rd Revised) শীর্ষক প্রকল্পের আওতায় মুহুরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য M-IMO এর পরিবর্তে যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) এর গাইডলাইন পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে।

০২। এমতাবস্থায়, যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন কার্যকর করার পদক্ষেপ গ্রহণ করে আগামী ৩০ কার্যদিবসের মধ্যে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-০৯-২০২৪
মোহাম্মাদ আব্দুর রহিম রিপন
উপসচিব
০২৫৫১০০৭২২ (ফোন)
৯৫৪০৪০০ (ফ্যাক্স)
mowrdev2@gmail.com

মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৫.২৪.১০০.১৭.৪২২/১ (১৮)

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**


১। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম;
৪। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
৫। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৬। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৭। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৮। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী;
১০। জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম;
১১। প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব ), মুহুরী সেচ প্রকল্পের জন্য সেচ ব্যবস্থাপনার উন্নয়ন প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১২। প্রধান পানি ব্যবস্থাপনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১৩। একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;
১৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;
১৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী।;
১৬। উপ-প্রধান, সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো।;
১৭। নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী এবং
১৮। অফিস, কপি।

১০-০৯-২০২৪
মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব

## পানি সম্পদ মন্ত্রণালয়

# মুহুরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

জুলাই/২০২৪খ্রি:

# সূচিপত্র


| ক্র: নং | শিরোনাম | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | ভূমিকা | ১ |
| ২ | সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ | |
| ৩ | সংজ্ঞা | |
| ৪ | যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) গঠনের আইনগত ভিত্তি | ৩ |
| ৫ | যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) গঠন প্রণালী ও কাঠামো | ৪ |
| ৬ | মুহুরী সেচ প্রকল্পের আওতাধীন স্কীমসমূহ (৮৫০টি) পানি ব্যবস্থাপনা সংগঠনের অনুকূলে লিজচুক্তি সম্পাদনের নিয়মাবলি | ৬ |
| ৭ | যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) এর কার্যপরিধি (ToR) | ৮ |
| ৭.১ | যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) এর দায়িত্বসমূহ | |
| ৭.২ | যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) সভা সংক্রান্ত অনুসরণীয় বিষয়সমূহ | |
| ৮ | বাপাউবোর এর কার্যপরিধি (ToR) | |
| ৯ | ফেনী পওর বিভাগীয় দপ্তর ও উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তরের সেট-আপভূক্ত প্রধান কর্মকর্তা/কর্মচারীগণের কার্যপরিধি (ToR) | ৯ |
| ৯.১ | নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ (১জন) দায়িত্বসমূহ | |
| ৯.২ | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (১জন) দায়িত্বসমূহ | ১০ |
| ৯.৩ | সহকারী সম্প্রসারণ কর্মকর্তা/এক্সটেনশন ওভারশিয়ার (২ জন) দায়িত্বসমূহ | ১১ |
| ৯.৪ | উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর) (৪ জন) ও উপ সহকারী প্রকৌশলী (পুর) (১২ জন) দায়িত্বসমূহ | |
| ৯.৫ | উপ-বিভাগীয় প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক) (১জন) ও উপ সহকারী প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক)/কার্য সহকারী (২ জন) দায়িত্বসমূহ | ১২ |
| ৯.৬ | সহকারী প্রকৌশলী (পুর) (১ জন) দায়িত্বসমূহ | |
| ৯.৭ | জিআইএস/এমআইএস ব্যবস্থাপক/সহকারী প্রোগ্রামার (২জন) দায়িত্বসমূহ | |
| ৯.৮ | উর্দ্ধতন হিসাব সহকারী/হিসাবকরণীক (২ জন) দায়িত্বসমূহ | ১৩ |
| ১০ | পানি ব্যবস্থাপনা সংগঠনের কার্যপরিধি (ToR) | |
| ১০.১ | পানি ব্যবস্থাপনা ফেডারেশন (WMF) | |
| ১০.২ | পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (WMA) | ১৪ |
| ১০.৩ | পানি ব্যবস্থাপনা দল (WMG) | |
| ১১ | ভেন্ডিং সিস্টেমসহ প্রি-পেইড মিটার সিস্টেম, সার্ভার সিস্টেম ব্যবস্থাপনা, প্রি-পেইডকার্ড ভেন্ডিং ও রিফিলিং | |
| ১২ | ঝুঁকি বিশ্লেষণ | ১৫ |
| ১৩ | দায়বদ্ধতা (Liability) | |
| ১৪ | বাপাউবো এর আর্থিক ব্যবস্থাপনা ও ব্যয় নিরীক্ষা | |
| ১৫ | প্রকিউরমেন্ট/ক্রয় নির্দেশিকা | |
| ১৬ | প্রকল্পের দায়িত্বভার গ্রহণ | |
| ১৭ | বিবিধ | |


মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

<u>সংক্ষিপ্তরূপ</u>

| | | |
|---|---|---|
| MoWR | - | Ministry of Water Resources |
| BWDB | - | Bangladesh Water Development Board |
| IMIP | - | Irrigation Management Improvement Project |
| MIP | - | Muhuri Irrigation Project |
| PIU | - | Project Implementation Unit |
| GoB | - | Government of Bangladesh |
| ADB | - | Asian Development Bank |
| BMDA | - | Barind Multipurpose Development Authority |
| BREB | - | Bangladesh Rural Electrification Board |
| PBS | - | Palli Biddut Samity |
| WMO | - | Water Management Organization |
| WMF | - | Water Management Federation |
| WMA | - | Water Management Association |
| WMG | - | Water Management Group |
| O & M | - | Operation and Maintenance |
| MOM | - | Management, Operation & Maintenance |
| C-IMO | - | Construction-Irrigation Management Operator |
| M-IMO | - | Management-Irrigation Management Operator |
| PAM | - | Project Administration Manual |
| ToR | - | Terms of Reference |
| DPP | - | Development Project Proposal |
| IPOE | - | Independent Panel of Experts |
| ISF | - | Irrigation Service Fee |
| JMC | - | Joint Management Committee |
| NSO | - | Nominated Scheme Operator |
| PPP | - | Public Private Partnership |
| ISC | - | Irrigation Service Charge |
| LLP | - | Low-Lift Pump |
| HQ | - | Head Quarter |
| GIS | - | Geographic Information System |
| MIS | - | Management Information System |
| NWPo | - | National Water Policy |
| GPWM | - | Guidelines for Participatory Water Management |
| PWM | - | Participatory Water Management |
| BDT | - | Bangladesh Taka |

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ১। ভূমিকা :

ফেনী জেলার মুহুরী উপত্যকায় তিন নদীর (ফেনী, মুহুরী ও সিলোনীয়া) মোহনায় ক্লোজার ও রেগুলেটর নির্মাণপূর্বক ভূ-পরিস্থ পানি ব্যবহারের জন্য "মুহুরী সেচ প্রকল্প" নামের প্রকল্পটি বাস্তবায়ন করা হয়। "মুহুরী সেচ প্রকল্প" টি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত সেচ প্রকল্পগুলির অন্যতম এবং ইহা একটি স্বার্থক ও ফলপ্রসু প্রকল্প। সেচ প্রকল্পটি বাস্তবায়নের ফলে ফেনী জেলায় কৃষির ব্যাপকতর উন্নয়ন ঘটে। মুহুরী সেচ প্রকল্পটি বিগত ১৯৭৭-১৯৭৮ সালে নির্মাণ কাজ শুরু হয় এবং ১৯৮৫-১৯৮৬ সালে সমাপ্ত হয়। প্রকল্পের মোট এলাকা ৪০,০৮০ হেক্টর, চাষযোগ্য এলাকা ২৭,১২৫ হেক্টর এবং সেচযোগ্য এলাকা ২৩,০৭৬ হেক্টর। প্রকল্পটি চট্রগ্রাম বিভাগের ফেনী জেলার ৫টি উপজেলায় (ফেনী সদর, ছাগলনাইয়া, ফুলগাজী, পরশুরাম ও সোনাগাজী) এবং চট্রগ্রাম জেলার ১টি উপজেলায় (মিরসরাই) বিস্তৃত। যথাযথ রক্ষণাবেক্ষণের অভাব, সেচ খালে পলি জমা, চাষযোগ্য জমির পরিমান হ্রাস, অপ্রতুল অর্থায়ন, সুবিধাভোগীদের অংশগ্রহণের অভাব এবং সঠিক সেচ ব্যবস্থাপনার অভাবে প্রকল্প থেকে নির্ধারিত সুফল না পাওয়ায় উদ্ভাবনী পদ্ধতি প্রয়োগ ও বাস্তবায়নের লক্ষ্যে একাধিক গবেষণা/স্টাডির ভিত্তিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুদান ও এশীয় উন্নয়ন ব্যাংকের ঋণ সহায়তায় "Irrigation Management Improvement Project (IMIP) for Muhuri Irrigation Project (MIP)" শীর্ষক প্রকল্পটি প্রণয়ন করা হয় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত হচ্ছে।

মুহুরী সেচ প্রকল্পের পুনঃসংস্কারপূর্বক সেচ ব্যবস্থাপনার আধুনিকায়ন ও পুনর্বাসন করা। প্রকল্প এলাকার সুবিধাভোগীদের অংশগ্রহণের মাধ্যমে সর্বোত্তম সেচ সুবিধা নিশ্চিত করতঃ প্রকল্পের টেকসই ও দীর্ঘস্থায়ী উন্নয়ন করা। ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বিদ্যুতের সাহায্যে প্রি-পেইড মিটারিং সিস্টেমে পানির লস কমিয়ে ইকোনমিক সেচ ব্যবস্থা চালু করা। সুষ্ঠ পরিচালন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে শুষ্ক মৌসুমে সেচ সুবিধা নিশ্চিত করা ও বর্ষা মৌসুমে নিষ্কাশন ব্যবস্থার উন্নতি সাধন করা। উন্নত ও আধুনিক প্রযুক্তির প্রয়োগ ও ব্যবহারের মাধ্যমে কৃষি এবং মৎস্য চাষের উৎপাদন বৃদ্ধিকরতঃ দেশের খাদ্য ঘাটতি দূর করা। প্রকল্প এলাকায় ফসল উৎপাদন বৃদ্ধি করতঃ এলাকার জনগণের আর্থ সামাজিক ও জীবনযাত্রার মান উন্নয়ন করা। কৃষি ও সেচ ব্যবস্থায় আধুনিক প্রযুক্তিনির্ভর বাংলাদেশ বিনির্মাণে সহায়ক ভূমিকা পালন করা। সেচ ব্যবস্থাপনার দুর্বলতা দূর করে উন্নত প্রযুক্তি নির্ভর স্কীম/সেচ ব্যবস্থাপনার মাধ্যমে দেশের খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ভূগর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে সেচের পানি সরবরাহ, প্রিপেইড মিটার, সার্ভার সিস্টেম ও বৈদ্যুতিক পাম্প ব্যবহার করে ৮৫০টি স্কীমের মাধ্যমে ১৮০০০ হেক্টর জমিতে সেচ প্রদান ও উন্নততর ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) নিশ্চিত করাই প্রকল্প বাস্তবায়নের মূখ্য উদ্দেশ্য।

প্রকল্পের সকল ভৌত কাজের নকশা প্রণয়ন, বাস্তবায়ন তদারকি, আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উন্নততর সেচ ব্যবস্থাপনার জন্য Construction-Irrigation Management Operator (C-IMO) পরামর্শক সেবা প্রকল্প সমাপ্তি পর্যন্ত নিয়োজিত আছে। কিন্তু প্রকল্প সমাপ্ত হওয়ার পূর্বে দায়িত্বভার Management-Irrigation Management Operator (M-IMO) গঠনপূর্বক C-IMO হতে মুহুরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) এর দায়িত্বভার নির্বাহী প্রকৌশলী M-IMO'র নিকট হস্তান্তর করার জন্য বিগত ১৮/০৯/২০২৩খ্রি: পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক M-IMO ব্যবস্থাপনা পরিষদ গঠন ও মুহুরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) এর গাইডলাইন অনুমোদিত হয় এবং বাপাউবো কর্তৃক উহা কার্যকর করা হয়। মাঠ পর্যায়ে বাস্তবতা, উন্নয়ন সহযোগী সংস্থার পর্যবেক্ষণ ও সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের পরামর্শের প্রেক্ষিতে M-IMO এর পরিবর্তীতে যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) গাইডলাইন প্রণয়ন করা হয়।

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ২। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ:

(১) এ গাইডলাইন "**মুহুরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনার জন্য যৌথ ব্যবস্থাপনা কমিটি (Joint Management Committee) গঠন, ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষনাবেক্ষণ (MOM) এর গাইডলাইন**" নামে অভিহিত হবে।

(২) পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারীর পর বাপাউবোর দপ্তরাদেশের তারিখ হতে এ গাইডলাইন কার্যকর ও বলবৎ হবে।

## ৩। সংজ্ঞা:

**বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে, এই গাইডলাইনে-**

- "Irrigation Management Improvement Project (IMIP) for Muhuri Irrigation Project (MIP)" অর্থ এশীয় উন্নয়ন ব্যাংক ঋণ সহায়তায় ও বাংলাদেশ সরকারের অনুদানে বাস্তবায়নাধীন মুহুরী সেচ প্রকল্প;

- “C-IMO (Construction-Irrigation Management Operator)” অর্থ প্রকল্প বাস্তবায়নকালে তদারকি কাজে নিয়োজিত চুক্তিবদ্ধ পরামর্শক দল;
- “ADB (Asian Development Bank)” অর্থ প্রকল্প বাস্তবায়নের জন্য ঋণ সহায়তাকারী সংস্থা বা ব্যাংক;
- “WMO (Water Management Organization)” অর্থ মুহুরী সেচ প্রকল্পের জন্য রেজিস্ট্রিকৃত মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন;
- “WMF (Water Management Fedaration)” অর্থ মুহুরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন;
- “WMA (Water Management Association)” অর্থ মুহুরী পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন;
- “WMG (Water Management Group)” অর্থ মুহুরী পানি ব্যবস্থাপনা দল;
- “MOM (Management Operation Maintenance)” অর্থ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ;
- “JMC (Joint Management Committee)” অর্থ প্রকল্প ব্যবস্থাপনার জন্য বাপাউবো, পানি ব্যবস্থাপনা সংগঠন ও অন্যান্য প্রতিষ্ঠানের সদস্য/প্রতিনিধির সমন্বয়ে যৌথ ব্যবস্থাপনা কমিটি;
- “NSO (Nominated Scheme Operator)” অর্থ পানি ব্যবস্থাপনা সংগঠন/পানি ব্যবস্থাপনা দল কর্তৃক মনোনীত ও তাদের সাথে চুক্তিভুক্ত স্কীম অপারেটর (সর্বনিম্ন ১ টি ও সর্বোচ্চ ৫টি স্কীম)।
- PAM (Project Administration Manual)” অর্থ প্রকল্প বাস্তবায়নকালে অনুসরণীয় দলিল যা এশীয় উন্নয়ন ব্যাংক কর্তৃক প্রণীত;
- “DPP (Development Project Proposal)” অর্থ বাংলাদেশ সরকার অনুমোদিত প্রকল্প দলিল;
- “IPOE (Independent Panel of Expert)” অর্থ এশীয় উন্নয়ন ব্যাংক কর্তৃক গঠিত বিশেষজ্ঞ দল যারা M-IMO নিয়োগ/গঠনের প্রতিবেদন দাখিল করে;
- “PPP (Public Private Partnership) Modality” অর্থ বাংলাদেশ সরকার ও ব্যক্তিগত যৌথ বিনিয়োগ ধরনের প্রকল্প সংক্রান্ত;
- “Long term lease” অর্থ প্রকল্প ব্যবস্থাপনার জন্য অর্থের বিনিময়ে দীর্ঘ সময়ভিত্তিক ইজারা প্রদান;
- “Concession” অর্থ প্রকল্প ব্যবস্থাপনার জন্য অর্থ ছাড়/রেয়াত প্রদানের মাধ্যমে কোন সংস্থা/গোষ্ঠিকে হস্তান্তর করা;
- “Level- 1” অর্থ প্রকল্পের প্রধান রেগুলেটর/প্রধান নদী;
- “Level- 2” অর্থ সব ধরনের খাল ও অন্যান্য অবকাঠামোসমূহ;
- “Level- 3” অর্থ (পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপলাইন সিস্টেম, পাম্প ও পাম্পিং সিস্টেম, প্রি-পেইড মিটারিং সিস্টেম, সার্ভার সিস্টেম, বৈদ্যুতিক সিস্টেম ও বিদ্যুৎ বিল ইত্যাদি) সংক্রান্ত অবকাঠামোসমূহ;
- “Self Financing” অর্থ প্রকল্পের সেচকার্য হতে অর্জিত সেচচার্জ এর মাধ্যমে সম্পূর্ণ প্রকল্প ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়ের সক্ষমতা অর্জন সংক্রান্ত;
- “Gap Funding” অর্থ Level- 3 (পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপলাইন সিস্টেম, পাম্প ও পাম্পিং সিস্টেম, প্রি-পেইড মিটারিং সিস্টেম, সার্ভার সিস্টেম, বৈদ্যুতিক সিস্টেম ও বিদ্যুৎ বিল ইত্যাদি) অবকাঠামোসমূহ ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য মোট প্রয়োজনীয় অর্থ এবং অর্জিত সেচচার্জ (লিজ বহির্ভূত স্কীম হতে) ও লিজ-ফি (লিজকৃত স্কীম হতে) থেকে প্রাপ্ত অর্থের মধ্যে বাৎসরিক পার্থক্য অনুদান যা বাপাউবো পওর খাত হতে প্রদানযোগ্য;
- “Escrow Account” অর্থ অর্জিত সেচচার্জ এবং লিজ ফি হতে আয় ও প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় সংক্রান্ত আয়/ব্যয়ের হিসাব পরিচালনার জন্য ব্যাংক হিসাব যা নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী কর্তৃক পরিচালিত। এছাড়া, লিজকৃত স্কিমগুলির জন্য WMG কর্তৃক পরিচালিত অন্য একটি “Escrow Account”।
- “Water Tariff” অর্থ প্রকল্পের সেচকার্যে পানি প্রদানের বিনিময়ে কৃষকদের নিকট হতে অর্জিত আয় যা প্রদানকৃত পানির পরিমানের ভিত্তিতে WMO/WMF কর্তৃক নির্ধারিত এবং JMC কর্তৃক অনুমোদিত।
- Irrigation Service Charge (ISC) অর্থ প্রকল্পের সেচকার্যে পানি প্রদানের জন্য সংগৃহীত লিজ-ফি 'তে অন্তর্ভুক্ত চার্জ যা সংশ্লিষ্ট বিধি-বিধানের আলোক অনুমোদিত এবং প্রকল্প/স্থানীয় পর্যায়ে ব্যয়যোগ্য;
- “Seed Money” অর্থ C-IMO এর বাজেট/তহবিল (আদায়কৃত সেচ চার্জ) হতে ব্যয় মিটানোর পর উদ্বৃত্ত অংশ অনতিবিলম্বে নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো এর Escrow Account-এ হস্তান্তরযোগ্য;
- “প্রি-পেইডকার্ড” অর্থ স্কিমের প্রতিটি কৃষকের কাছে ইতোপূর্বে C-IMO প্রদত্ত বা নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো অফিস থেকে ইস্যু করা একটি প্রি-পেইডকার্ড যা প্রয়োজনে ক্রেডিট পুনরায় পূরণ করে ব্যবহার যেতে পারে এবং সেচের পানির ব্যবহার করার অনুমতি দেয়ার জন্য ব্যবহৃত হয়। এছাড়া, WMG-এর নিকট হস্তান্তরকৃত স্কিমগুলির প্রি-পেইডকার্ড রিচার্জ ও ভেন্ডিং মেশিনগুলি WMG কর্তৃক মাস্টার ভেন্ডিং মেশিনের সহায়তায় পরিচালিত হবে;

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

- "ভেন্ডিং" অর্থ কৃষকগণ নির্ধারিত স্থানে ভেন্ডিং মেশিন দিয়ে প্রি-পেইডকার্ড রিফিল/প্রি-পেইড মিটার কার্ড রিচার্জ করা হয়;
- "GIS (Geographic Information System)" অর্থ ভৌগোলিক উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ ও উপস্থাপন সংক্রান্ত কাজ/পদ্ধতি; এবং
- "MIS (Management Information System)" অর্থ ব্যবস্থাপনা উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ ও উপস্থাপন সংক্রান্ত কাজ/পদ্ধতি।

**৪। যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) গঠনের আইনগত ভিত্তি:**

প্রকল্পের ব্যবস্থাপনার বিষয়ে বাপাউবো আইন-২০০০ এর ১৬ (৩) ও ১৫ (৪) ধারামতে পানি ব্যবস্থাপনা সংগঠন, বাপাউবো ও অন্যান্য সংস্থার প্রতিনিধির সমন্বয়ে যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) গঠনের বিষয়ে উল্লেখ রয়েছে। এছাড়া প্রকল্পের ঋণচুক্তির Schedule-1 এর Clause-2(A), Schedule-5 এর Clause-9, Project Administration Manual (PAM) এর Clause-9 এবং অনুমোদিত DPP'র Clause-13 এর আলোকে নির্ভরযোগ্য ও উন্নততর সেচ ব্যবস্থাপনা নিশ্চিতকরণের নিমিত্তে প্রকল্পের MOM এর জন্য Long term lease/Concession/PPP Modality বিবেচনা করে M-IMO/JMC নিয়োগ/গঠনের বিষয়ে উল্লেখ রয়েছে। এছাড়া ঋণচুক্তির Schedule-5 এর Clause-7 অনুযায়ী অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা গাইডলাইন (2001) এর আলোকে প্রকল্পের সুবিধাভোগী/পানি ব্যবস্থাপনা সংগঠনের সাথে আলোচনাক্রমে/সম্মতিতে প্রকল্প/সেচ ব্যবস্থাপনার বিষয়টি উল্লেখযোগ্য। তৎপ্রেক্ষিতে, এশীয় উন্নয়ন ব্যাংক কর্তৃক নিয়োজিত বৈদেশিক পরামর্শকের প্রণীত প্রতিবেদনের আলোকে যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) গঠন ও পানি ব্যবস্থাপনা সংগঠনের অনুকূলে স্কীমসমূহ লিজ প্রদানের মাধ্যমে মুহুরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) গাইডলাইন প্রণয়ন করা হয়।

এছাড়া, প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) এবং আর্থিক ব্যবস্থাপনাসমূহ The Bangladesh Irrigation Water Ordinance-1983, National Water Policy-1999, BWDB ACT-2000, বাপাউবো সেচ সার্ভিস চার্জ আরোপ ও আদায় প্রবিধানমালা-২০০৩ (সংশোধিত-২০০৫), অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা গাইডলাইন-২০০১ (GPWM) এবং অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা বিধিমালা-২০১৪ (PWMR) এর সংশ্লিষ্ট ধারাসমূহ অনুসরণ করতে হবে।

| অনুমোদিত আইন/অধ্যাদেশ/গাইডলাইন | সংশ্লিষ্ট ধারাসমূহ | উল্লেখিত বিষয় |
|---|---|---|
| The Bangladesh Irrigation Water Rate Ordinance-1983 (Ordinance No.- XXXI of 1983) | ধারা-৪ ও ৫ | এখানে সেচের পানির মূল্য হার আরোপ ও নির্ধারণ করার সুযোগ রয়েছে। |
| The Bangladesh Irrigation Water Rate (Amendment) Act, 1990 (Act No.- XXXIV of 1990) | ধারা- ৩ | |
| জাতীয় পানি নীতি-১৯৯৯ | অনুচ্ছেদ- ৪.৩, ৪.৪, ৪.৬, ৪.৭ ও ৪.১৪ | এখানে পানির ব্যবহারের অধিকার, পাবলিক এবং প্রাইভেট অংশগ্রহণ, পানি সরবরাহ ও পয়-নিষ্কাশন, কৃষির জন্য পানি এবং পানির অর্থনৈতিক ও আর্থিক ব্যবস্থাপনা বিষয় উল্লেখ রয়েছে। পানি সম্পদ ব্যবস্থাপনায় স্থানীয় কমিউনিটি সুবিধাভোগিদের অংশগ্রহণ এবং প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণ খরচ আদায় ও ব্যবহারের নিমিত্তে প্রধানত নিম্নোক্ত সরকারের নীতি উল্লেখ করা হয়েছে।<br><br>ক. পানি একটি অর্থনৈতিক সম্পদ হিসাবে গণ্য হবে এবং এর মূল্য নির্ধারন সকল ব্যবহারকারীকে পানির দুষ্প্রাপ্যতা সম্পর্কে সজাগ করবে এবং তা সংরক্ষণে উৎসাহ যোগাবে। তবে অদূর ভবিষ্যতের জন্য বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন প্রকল্প (এফসিডি) থেকে অর্থ আদায়ের কোন পরিকল্পনা এই নীতিতে রাখা হয়নি। বন্যা নিয়ন্ত্রণ, |

উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| অনুমোদিত আইন/অধ্যাদেশ/গাইডলাইন | সংশ্লিষ্ট ধারাসমূহ | উল্লেখিত বিষয় |
|---|---|---|
| | | নিষ্কাশন ও সেচ প্রকল্পে (এফসিডিআই) পানি করের হার সরকারি বিধি অনুযায়ী কেবল পরিচালন ও রক্ষণাবেক্ষণের (ওএন্ডএম) জন্য আদায় করা হবে।<br><br>খ. সংশ্লিষ্ট সরকারি সংস্থাসমূহকে পর্যায়ক্রমে এদের প্রদত্ত সেবার জন্য মূল্য আরোপের ক্ষমতা অর্পণ করা হবে।<br><br>ঙ. উপকারভোগীদের কাছ থেকে প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য আদায়কৃত পানির মূল্য স্থানীয়ভাবেই সংরক্ষিত রেখে সংশ্লিষ্ট প্রকল্পের জন্যে ব্যয় করতে হবে।<br>চ. সংশ্লিষ্ট সরকারি সংস্থা, প্রকল্প চিহ্নিতকরণ ও পরিকল্পনার পর্যায়েই সুবিধাভোগীদের কাছ থেকে পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য ব্যয় বহনের প্রতিশ্রুতি আদায় ও তাদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করবে। |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ (২০০০ সনের ২৬ নং আইন) | ধারা- ১৫(৪) ও ১৬(৩) | এখানে বোর্ড কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের সুফল সংশ্লিষ্ট সুবিধাভোগীদের মধ্যে অব্যাহত রাখার লক্ষ্যে সুবিধাভোগীদের সংগঠিতকরণ, প্রকল্পে তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ, প্রকল্প রক্ষণাবেক্ষণ ও পরিচালন এবং প্রকল্প ব্যয় পুনরুদ্ধার সংক্রান্ত বিভিন্ন কলাকৌশল ও প্রাতিষ্ঠানিক কাঠামো উদ্ভাবন, বাস্তবায়ন ও পরিচালনের সুযোগ রয়েছে।<br><br>৫০০০ হেক্টরের অধিক আয়তন বিশিষ্ট প্রকল্পের ব্যবস্থাপনা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে জারীকৃত নির্দেশিকা অনুসরণে প্রকল্পের সুবিধাভোগীদের স্বার্থে গঠিত সংগঠন, বোর্ড এবং পানি সম্পদ সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার প্রতিনিধি সমন্বয়ে গঠিত একটি যৌথ পানি ব্যবস্থাপনা কমিটির উপর ন্যস্ত থাকিবে। |
| সেচ সার্ভিস চার্জ আরোপ ও আদায় প্রবিধানমালা-২০০৩ (সংশোধিত-২০০৫) | প্রবিধি- ৬, ১১ ও ১৫ | এখানে সেচ সার্ভিস চাজ আদায়, ব্যবহার, হিসাবরক্ষণ ও নিরিক্ষার বিষয়ে উল্লেখ করা হয়েছে। |
| অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা গাইডলাইন-২০০১ (GPWM) | অনুচ্ছেদ- ৪.৫ | এখানে ৫০০০ হেক্টর এর বেশি প্রকল্পের প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম ব্যবস্থাপনা Private Leasing/Management Contract/Joint Management with Comuntity Organigation/Local Government এর মাধ্যমে সম্পন্ন করার সুযোগ বিদ্যমান আছে (Annex-6, Lease format) । এছাড়া প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য অর্থনৈতিক ব্যবস্থাপনার বিষয়ে অর্থাৎ স্থানীয় পর্যায়ে প্রকল্পের আয় সংরক্ষণপূর্বক ব্যয় করার যথাযথ নির্দেশনা রয়েছে। |
| অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা বিধিমালা-২০১৪ (PWMR) | বিধি- ৪ | |

**৫। যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) গঠন প্রণালী ও কাঠামো:**

(৫.১) ০৯ (নয়) জন সদস্য সমন্বয়ে প্রকল্পের যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) গঠিত হবে। উক্ত কমিটিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB) হতে ৩ (তিন) জন কর্মকর্তা ও মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO) হতে ৩ (তিন) জন প্রতিনিধি থাকবে এবং জেলা পর্যায়ের অন্য ২(দুই)টি সংস্থা হতে ৩ (তিন) জন সদস্য থাকবে। উক্ত সদস্যগণের তালিকা নিম্নরূপ:

| ক্র: নং | নাম ও পদবী | পদ |
|---|---|---|
| ০১ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী | সভাপতি |
| ০২ | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, ফেনী | সদস্য-সচিব |
| ০৩ | উপ-বিভাগীয় প্রকৌশলী, ফেনী উন্নীত পওর উপ-বিভাগ, বাপাউবো, ফেনী | সদস্য |
| ০৪ | মুহুরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সভাপতি) | সদস্য |
| ০৫ | মুহুরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সচিব) | সদস্য |
| ০৬ | মুহুরী পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (নির্বাচিত প্রতিনিধি) | সদস্য |
| ০৭ | জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফেনী | সদস্য |
| ০৮ | জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-৩, চট্টগ্রাম | সদস্য |
| ০৯ | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফেনী | সদস্য |

(৫.২) উক্ত যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) গাইডলাইনের আলোকে ও উল্লিখিত ToR (কার্যপরিধি) অনুযায়ী এবং বাপাউবোর সাথে সমন্বয়পূর্বক মুহুরী সেচ প্রকল্পের স্কীমসমূহের সার্বিক ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রমে পরামর্শ ও সমন্বয় করবে। উক্ত কমিটি সালিশকারী ও নিরপেক্ষভাবে দায়িত্ব পালন করবে। উক্ত কমিটি সালিশকারী হিসাবে কাজ করার সময় বাপাউবো ও মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন এর সদস্য ব্যতীত অন্য সদস্যগন কমিটির সালিশকারী হিসাবে দায়িত্ব পালন করবে।

(৫.৩) নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো প্রকল্পের অবকাঠামোসমূহ ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ করবে এবং অনতিবিলম্বে/পর্যায়ক্রমে নির্ধারিত পদ্ধতি (অনুমোদিত গাইডলাইন) অনুসরণপূর্বক নির্মিত স্কীমসমূহ (৮৫০টি) মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠনের (WMO) নিকট লিজ (Lease) প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রকল্পের আর্থিক সক্ষমতা তৈরির লক্ষ্যে কাজ করবে। প্রকল্পের Level-3 সেচ অবকাঠামোসমূহ (পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপলাইন সিস্টেম, পাম্প ও পাম্পিং সিস্টেম, প্রি-পেইড মিটারিং সিস্টেম, সার্ভার সিস্টেম, বৈদ্যুতিক সিস্টেম ও বিদ্যুৎ বিল ইত্যাদি) বাপাউবো'র সম্পত্তি। তবে লিজপ্রদত্ত স্কিমগুলির ব্যবস্থাপনা WMO দ্বারা পরিচালিত হবে (তন্মধ্যে প্রি-পেইড মিটারিং সিস্টেম এবং সার্ভার সিস্টেম বাপাউবো কর্তৃক পরিচালিত হবে)। এছাড়া, লিজবহির্ভূত স্কীমসমূহ WMO এর নিকট লিজ প্রদান না করা পর্যন্ত অনুমোদিত সেচচার্জ আদায়পূর্বক বাপাউবোর মাধ্যমে স্কীমসমূহ পরিচালিত হবে।

(৫.৪) JMC ৫ (পাঁচ) বছর সময়ের মধ্যে আবশ্যিকভাবে স্ব-আয় (Self Financing) থেকে স্কীমসমূহের ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের সক্ষমতা অর্জনের লক্ষ্যে কাজ করবে। বর্ণিত সময় পর্যন্ত অর্জিত সেচচার্জ (লিজবহির্ভূত স্কীম) ও লিজ (Lease) ফি বাবদ গৃহীত অর্থের পাশাপাশি প্রয়োজনীয় সরকারি বরাদ্দের (বাপাউবো পওর খাত) ভিত্তিতে প্রকল্প পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে পরামর্শ ও সমন্বয় নিশ্চিত করবে।

(৫.৫) লিজ (Lease) ফি বাবদ প্রাপ্ত অর্থ (লিজপ্রদত্ত স্কীম হতে) এবং সেচ প্রদানের মাধ্যমে আদায়কৃত সেচ-চার্জ (লিজবহির্ভূত স্কীম হতে) Escrow Account এর মাধ্যমে পরিচালিত হবে এবং Signatory হিসাবে নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী কর্তৃক পরিচালিত হবে। প্রকল্পের অন্তর্ভুক্ত Level- 3 সেচ অবকাঠামোসমূহ (পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপলাইন সিস্টেম, পাম্প ও পাম্পিং সিস্টেম, প্রি-পেইড মিটারিং সিস্টেম, সার্ভার সিস্টেম, বৈদ্যুতিক সিস্টেম ও বিদ্যুৎ বিল ইত্যাদি) এর পওর ব্যবস্থাপনা ব্যয় আদায়কৃত সেচচার্জ (লিজবহির্ভূত স্কীম হতে), লিজ (Lease) ফি বাবদ প্রাপ্ত অর্থ (লিজ প্রদানকৃত স্কীম হতে) ও প্রয়োজনীয় সরকারি বরাদ্দ (বাপাউবো পওর খাত) হতে প্রাপ্ত অর্থের মাধ্যমে সরকারি বিধি অনুযায়ী নির্বাহ করবে। এছাড়া, প্রকল্পের অন্তর্ভুক্ত Level-1 (প্রধান রেগুলেটর/প্রধান নদী) ও Level-2 (সব ধরনের খাল ও অন্যান্য অবকাঠামোসমূহ) এর পওর ব্যবস্থাপনা কার্যক্রম সরকারি বরাদ্দ (বাপাউবো পওর খাত) দ্বারা সরকারি বিধি অনুযায়ী নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী কর্তৃক নির্বাহ করতে হবে।

মুহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(৫.৬) নির্বাহী প্রকৌশলীর দপ্তর/ফেনী পওর বিভাগ ও উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর, বাপাউবো, ফেনী দপ্তরের অনুমোদিত সেট-আপভূক্ত সকল কর্মকর্তা/কর্মচারীগণ মুহুরী সেচ প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষনের দায়িত্ব পালন করবে।

ক) নির্বাহী প্রকৌশলী (পুর) (১জন)- দলনেতা
খ) উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (১জন)- সহ-দলনেতা
গ) উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর) (৪ জন)
ঘ) উপ-বিভাগীয় প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক) (১ জন)
ঙ) সহকারী প্রকৌশলী (পুর) (১ জন)
চ) উপ-সহকারী প্রকৌশলী (পুর) (১২ জন)
ছ) উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক) (২ জন)
জ) সহকারী সম্প্রসারণ কর্মকর্তা/এক্সটেনশন ওভারশিয়ার (২ জন)
ঝ) উর্দ্ধতন হিসাব সহকারী/হিসাবকরণীক (২ জন)
ঞ)জিআইএস/এমআইএস ব্যবস্থাপক/সহকারী প্রোগ্রামার (২জন)- (বাপাউবো নিয়োজিত করবে/আউটসোর্সিং)

**(৫.৭)** মুহুরী সেচ প্রকল্পের কার্যক্রম ৬টি উপজেলায় (ফেনী সদর, ছাগলনাইয়া, ফুলগাজী, পরশুরাম ও সোনাগাজী ও মিরসরাই) ৮৫০টি স্কীম বিস্তৃত বিধায় ফেনী সদর, ছাগলনাইয়া, ফুলগাজী, সোনাগাজী ও মিরসরাই (৫টি উপজেলা) থেকে ফেনী পওর বিভাগের আতওতায় ৫টি উপ-বিভাগের কার্যক্রম পরিচালনা করবে এবং সেচ মৌসুমে সেচকার্য পরিচালনা করবে। এ লক্ষ্যে ফেনী বাপাউবো দপ্তরসমূহের বর্ণিত কর্মকর্তাগণকে অন্তর্ভূক্ত করে ৫টি উপজেলায় কর্মবন্টন করতে হবে। সেচ কার্যক্রম নির্বিঘ্নে

পরিচালনা/তদারকির জন্য নির্বাহী প্রকৌশলীর সুপারিশে ভিত্তিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, ফেনী পওর সার্কেল কর্তৃক কর্মকর্তাগণের কর্মবন্টন অনুমোদন করবেন।

(৫.৮) মুহরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা ও পওর কার্যক্রম পর্যালোচনা ও মূল্যায়নের জন্য বাপাউবো একটি কেন্দ্রীয় কমিটি গঠন করবে এবং এ কমিটি নিম্নলিখিত ৭ (সাত) সদস্য নিয়ে গঠিত হবে:

**কেন্দ্রীয় কমিটি:**

| ক্র: নং | নাম ও পদবী | পদ |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক, বাপাউবো, ঢাকা | আহ্বায়ক |
| ০২ | মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ঢাকা | সদস্য |
| ০৩ | অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা | সদস্য |
| ০৪ | অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা | সদস্য |
| ০৫ | প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং- এর দপ্তর, বাপাউবো, ঢাকা | সদস্য |
| ০৬ | প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা | সদস্য |
| ০৭ | প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা | সদস্য-সচিব |

(৫.৯) লিজচুক্তির মাধ্যমে স্কীমসমূহ হস্তান্তরের পূর্বে Level-3 অবকাঠামোর ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় বরাদ্ধ, হস্তান্তরের পরে প্রি-পেইড মিটারিং সিস্টেম ও সার্ভার সিস্টেম ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় বরাদ্দ এবং সর্বক্ষেত্রে Level-1, Level-2 পওর ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় বরাদ্ধ বাপাউবো নিশ্চিত করবে। এ বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে সরকারি/বাপাউবো বিধি-বিধান অনুসরণপূর্বক নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ ব্যবস্থা গ্রহণ করবে।

(৫.১০) মুহরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা ও পওর কার্যক্রম স্ব-অর্থায়নে পরিচালনার জন্য আর্থিক সক্ষমতা তৈরি ও প্রণোদনা প্রদানের নিমিত্তে নিয়োজিত কর্মকর্তাগণকে উৎসাহ প্রদানের জন্য লিজবহির্ভূত স্কীমসমূহ হতে অর্জিত সেচচার্জ/লিজ ফি হতে প্রণোদনা ভাতা (Incentive) সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক প্রদান করা যেতে পারে। তবে এ ক্ষেত্রে Level- 3 অবকাঠামোর পওর ব্যবস্থাপনা লাভজনক পর্যায়ে উন্নীত হতে হবে।

(৫.১১) যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) ও বাপাউবো কেন্দ্রীয় কমিটিতে কোন বিশেষজ্ঞ ব্যক্তি/সংস্থার প্রতিনিধি প্রয়োজন হলে পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে কো-অপ্ট করা যাবে।

**৬। মুহরী সেচ প্রকল্পের আওতাধীন স্কীমসমূহ (৮৫০টি) পানি ব্যবস্থাপনা সংগঠনের অনুকূলে লিজচুক্তি সম্পাদনের নিয়মাবলি নিম্নরুপ:**

ক) লিজচুক্তির মূল উদ্দেশ্য হলো প্রি-পেইড মিটারিং পদ্ধতিতে দীর্ঘ মেয়াদে পানি ব্যবস্থাপনা সংগঠনের (WMO) মাধ্যমে স্কীমসমূহ ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষন (MOM) এর সক্ষমতা অর্জন করা। সে লক্ষ্যে পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ ও মুহরী পানি ব্যবস্থাপনা ফেডারেশনের (WMF) মনোনীত প্রতিনিধির সাথে সেচ স্কীমসমূহের লিজচুক্তি (Lease Agreement) সম্পাদন করতে হবে।

খ) মুহরী পানি ব্যবস্থাপনা ফেডারেশনের (WMF) অন্তর্ভুক্ত প্রতিটি পানি ব্যবস্থাপনা দলের (WMG) আওতাধীন এলাকার (Jurisdiction) সকল স্কীমসমূহ হতে কার্যকর স্কীমসমূহ নির্বাচনপূর্বক WMF মনোনীত প্রতিনিধির সাথে ১ম পর্যায়ে একটি লিজচুক্তি সম্পাদন করত: হস্তান্তর করতে হবে **(সংযুক্তি-১, লিজচুক্তির নমুনা ও সংযুক্তি-২, হস্তান্তর দলিল)** এবং পরবর্তীতে অন্যান্য সকল স্কীমসমূহ অগ্রাধিকার ভিত্তিতে ও পর্যায়ক্রমে ভিন্নচুক্তি সম্পাদন করত: হস্তান্তর করতে হবে।

গ) প্রতিটি লিজচুক্তির মেয়াদ হবে ৫ (পাঁচ) বছর। এ সময়ের মধ্যে মুহরী পানি ব্যবস্থাপনা সংগঠন সকল স্কীমসমূহের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের (MOM) খরচ সম্পূর্ণভাবে অর্জিত সেচচার্জ হতে নির্বাহ করার সক্ষমতা অর্জন করবে। এ লক্ষ্যে মুহরী পানি ব্যবস্থাপনা ফেডারেশনকে/মনোনীত লিজ গ্রহীতাকে সম্পূর্ণ দায়-দায়িত্ব বহন করতে হবে। প্রয়োজনে পরবর্তীতে আলোচনা সাপেক্ষে উক্ত লিজচুক্তির মেয়াদ বৃদ্ধি করার সুযোগ থাকবে।

ঘ) প্রতিটি পানি ব্যবস্থাপনা দলের (WMG) আওতাধীন এলাকার (Jurisdiction) স্কীমসমূহের লিজচুক্তি সম্পাদনের পর মুহরী পানি ব্যবস্থাপনা ফেডারেশনের (WMF) এর মনোনীত স্কীম অপারেটরের (NSO) সাথে স্কীমসমূহের

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের (MOM) জন্য উক্ত পানি ব্যবস্থাপনা দল (WMG) ভিন্নচুক্তি (সর্বনিম্ন ১টি ও সর্বোচ্চ ৫টি স্কীম) সম্পাদন করবে এবং Escrow Account পরিচালনা করবে।

ঙ) পানি উন্নয়ন বোর্ড ও মুহুরী পানি ব্যবস্থাপনা ফেডারেশনের যৌথ পরিদর্শনের মাধ্যমে স্কীমসমূহের কার্যকারিতা/ পরিচালনযোগ্যতা নির্ধারণপূর্বক পর্যায়ক্রমে সকল স্কীমসমূহ লিজচুক্তিতে অর্ন্তভূক্ত হবে। এ লক্ষ্যে অনতিবিলম্বে প্রথম ব্যাচের চুক্তি সম্পাদন করতে হবে (অক্টোবর/২০২৪খ্রি: মধ্যে)। লিজ প্রদানের পূর্বেই স্কীমের কোন সমস্যা থাকলে তা বাপাউবো সমাধান করবে।

চ) প্রকল্পের Level- 3 (পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপলাইন সিস্টেম, পাম্প ও পাম্পিং সিস্টেম, প্রি-পেইড মিটারিং সিস্টেম, সার্ভার সিস্টেম, বৈদ্যুতিক সিস্টেম ও বিদ্যুৎ বিল ইত্যাদি) অবকাঠামো প্রতিটি স্কীমে অর্ন্তভূক্ত হবে। এর মধ্যে প্রি-পেইড মিটার সিস্টেম ও সার্ভার সিস্টেম সকল স্কিমের জন্য বাপাউবো কর্তৃক পরিচালিত হবে। সকল স্কিমসমূহ WMO এর নিকট লিজ প্রদান এবং সক্ষমতা তৈরি হওয়ার পর উক্ত ২ (দুই) টি সিস্টেমের দায়িত্ব WMO এর নিকট স্থানান্তর করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

ছ) স্কীমের লিজ গ্রহীতা সেচ খাল হতে পানি উত্তোলনের অধিকার সংরক্ষন করবে। লিজ প্রদত্ত স্কীমসমূহের সেচ এলাকা WMO কর্তৃক বৃদ্ধি করার সুযোগ থাকবে।

জ) পানি ব্যবস্থাপনা ফেডারেশন (WMF) কৃষকদের সাথে আলোচনাপূর্বক প্রয়োজনীয় পওর খরচ, লিজ-ফি ও অন্যান্য খরচ অন্তর্ভূক্ত করে সেচ এলাকা ভিত্তিক সেচচার্জ নির্ধারণ করবে ও বাপাউবোর সংশ্লিষ্ট বিধি বিধান অনুসরণ পূর্বক JMC হতে অনুমোদন গ্রহন করবে।

ঝ) লিজভূক্ত স্কীমের সেচচার্জ হতে আয় ও ব্যয়ের হিসাব ব্যবস্থাপনার জন্য পানি ব্যবস্থাপনা দল (WMG) তাদের নিজস্ব Escrow Account হিসাব প্রতিষ্ঠা করবে এবং পরিচালন ও রক্ষণাবেক্ষন ব্যয় নির্বাহ করবে।

ঞ) শুধুমাত্র প্রি-পেইড কার্ড ব্যবহার করে লিজ গ্রহীতা পাম্প পরিচালনা করতে পারবে। নির্ধারিত সেচচার্জের অতিরিক্ত চার্জ কৃষকের নিকট হতে আদায় করা যাবে না।

ট) পানি ব্যবস্থাপনা সংগঠনের নিকট লিজ প্রদানের পূর্ব পর্যন্ত বাপাউবো কর্তৃক ঐ সকল স্কীমসমূহ সরাসরি ব্যবস্থাপনা করবে এবং লিজ প্রদানের উপযোগী করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ঠ) উত্তোরণ সময়ে (Transition Period) লিজভূক্ত স্কীমসমূহ পওর ব্যবস্থাপনায় পানি ব্যবস্থাপনা সংগঠন'কে বাপাউবো প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করবে।

ড) বাপাউবো এবং পানি ব্যবস্থাপনা সংগঠনের মধ্যে আলোচনাপূর্বক (Negotiation) স্কীমসমূহের লিজ-ফি (সেচ এলাকা ভিত্তিক, ০৫ বছরের জন্য নির্ধারিত/পরিবর্তনযোগ্য ও বৎসর ভিত্তিক পরিশোধযোগ্য) নির্ধারিত হবে। প্রয়োজনে তৃতীয় পক্ষের সহযোগীতা নেয়া যাবে। উল্লেখ্য যে, বাপাউবোর সংশ্লিষ্ট বিধি বিধান অনুসরণ পূর্বক লিজ ফি নির্ধারণ হবে এবং বাপাউবোর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে। মাঠ পর্যায়ের স্কীমসমূহের লিজ-ফি নির্ধারণের জন্য নিম্নোক্ত কমিটি গঠিত হবে:

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| ক্রমিক নং | নাম ও পদবী | পদ |
|---|---|---|
| ০১. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী | সভাপতি |
| ০২. | নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী | সদস্য-সচিব |
| ০৩. | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, ফেনী | সদস্য |
| ০৪. | মুহুরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সভাপতি) | সদস্য |
| ০৫. | মুহুরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (নির্বাচিত সচিব) | সদস্য |
| ০৬. | মুহুরী পানি ব্যবস্থাপনা সমিতি (মনোনীত সদস্য) | সদস্য |

ঢ) বাপাউবো ও পানি ব্যবস্থাপনা সংগঠনের যৌথ পরিদর্শনের মাধ্যমে পরিচালনযোগ্য স্কীমসমূহ লিজচুক্তিতে অন্তর্ভূক্ত হবে।

ণ) প্রতিটি সম্পাদিত লিজচুক্তির সাথে হস্তান্তর দলিল (Deed of Handover) অন্তর্ভূক্ত হবে। উক্ত হস্তান্তর চুক্তিতে প্রতিটি স্কীমের যন্ত্রপাতি/সম্পদের বিবরণ উল্লেখ থাকবে এবং স্কীম কার্যকরণ/মেরামত ও রক্ষণাবেক্ষণ বিষয়ে উভয় পক্ষের দায়িত্ব বা অংশীদারিত্ব উল্লেখ থাকবে।

ত) পানি ব্যবস্থাপনা সংগঠন লিজভূক্ত স্কীমসমূহের যন্ত্রপাতি/পাম্প/ট্রান্সফরমার/প্রি-পেইড মিটারিং সিস্টেম ইত্যাদি দীর্ঘ মেয়াদে নবায়ন বা প্রতিস্থাপনের (সম্ভাব্য চুরিজনিত সম্পদসহ) নিমিত্তে অর্জিত সেচচার্জ হতে প্রয়োজনীয় ব্যয় অবশ্যই সংরক্ষণ করতে হবে।

## ৭। যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) এর কার্যপরিধি (ToR):

### (৭.১) যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) এর দায়িত্বসমূহ:

ক) প্রি-পেইড মিটার, সার্ভার সিস্টেম, ভূ-গর্ভস্থ পাইপলাইন ও পাম্পিং সিস্টেম অক্ষুণ্ন রেখে সকল সেচ কার্যক্রমে পরামর্শ ও সমন্বয় করবে।

খ) নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ এবং বাপাউবো নিয়োজিত অপারেশনাল দলের কার্যক্রমে পরামর্শ ও সমন্বয় করবে।

গ) নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগের Escrow Account হতে অর্থ আদান-প্রদানের কার্যক্রমে পরামর্শ ও সমন্বয় করবে।

ঘ) পানি ব্যবস্থাপনা ফেডারেশন কর্তৃক প্রণীত সেচচার্জ (Water Tariff) মূল্যায়নকরত: অনুমোদন প্রদান করবে।

ঙ) বাপাউবো/উপযুক্ত কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে প্রকল্পের ভূ-পরিস্থ পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করবে।

চ) মুহুরী সেচ প্রকল্পের সেচকার্য পরিচালনার জন্য প্রকল্পের ট্রান্সফরমার, পাম্প/মোটর, প্রি-পেইড মিটার, সার্ভার সিস্টেম ও ভূ-গর্ভস্থ পাইপলাইনসহ সার্বিক ব্যবস্থাপনা ও নিরাপত্তার জন্য জেলা প্রশাসন/আইন শৃংখলা বাহিনীর সাথে সমন্বয়ের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করবে।

ছ) বিভিন্ন পক্ষের দ্বন্দ্ব নিরসনের লক্ষ্যে নিরপেক্ষতার সাথে সালিশকারী হিসাবে দায়িত্ব পালন করবে। বাপাউবো ও মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO) এর প্রতিনিধিগণ ব্যতিত উক্ত কমিটির অন্য সদস্যগণ সালিশকারী হিসাবে দায়িত্বপালন করবে।

জ) প্রকল্পের পরিবেশগত ব্যবস্থাপনা উন্নতকরণের পদক্ষেপ গ্রহণ করবে।

### (৭.২) যৌথ ব্যবস্থাপনা কমিটির (JMC) সভা সংক্রান্ত অনুসরণীয় বিষয়সমূহ:

ক) সভাপতি কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে সভা অনুষ্ঠিত হবে। শর্ত থাকে যে, প্রতি তিন মাসে কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হবে।

খ) যৌথ ব্যবস্থাপনা কমিটির (JMC) প্রথম বৈঠকে কোরাম পূরণের জন্য কমপক্ষে ৫ (পাঁচ) জন সদস্যের উপস্থিতি প্রয়োজন হবে।

গ) সভাপতি বা তার অনুপস্থিতিতে, সভাপতির কাছ থেকে লিখিতভাবে অনুমোদিত যে কোনো ব্যক্তি JMC সভায় সভাপতিত্ব করতে পারবে।

ঘ) সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ ভোটদানকারী সদস্যেদের ভোটের মাধ্যমে সকল বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে এবং সমান সংখ্যক ভোটের ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট হবে।

ঙ) প্রতিটি সভার জন্য উপস্থিত সদস্যগণ সম্মানি প্রাপ্য হবে। বাপাউবো'র প্রচলিত আর্থিক বিধিবিধানের আলোকে সম্মানীর পরিমান নির্ধারিত হবে। প্রতিটি সভার কার্যবিবরণী প্রকাশিত হবে।

## ৮। বাপাউবোর এর কার্যপরিধি (ToR):

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক) পানি ব্যবস্থাপনা সংগঠনের মাধ্যমে সেচ ব্যবস্থাপনার লক্ষ্যে খসড়া লিজচুক্তি/হস্তান্তর দলিল ইত্যাদি দলিল প্রণয়নসহ সেচ ব্যবস্থাপনার গাইডলাইন অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করবে।

খ) অনুমোদিত গাইডলাইন এর আলোকে সকল কমিটি গঠন করবে।

গ) পানি ব্যবস্থাপনা সংগঠনের সাথে লিজচুক্তি সম্পর্কিত দলিল পর্যালোচনা এবং প্রতিবছর সেচ ব্যবস্থাপনার বিষয়ে JMC/বিভাগীয় দপ্তরের কর্মদক্ষতা/পারফরমেন্স মূল্যায়নপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ঘ) ফেনী পওর বিভাগীয় দপ্তর ও উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তরের সেট-আপভূক্ত সকল কর্মকর্তা/কর্মচারী অগ্রাধিকার ভিত্তিতে নিয়োজিত/পদায়ন করবে।

ঙ) প্রকল্পের অন্তর্ভুক্ত Level- 1 (প্রধান রেগুলেটর, প্রধান নদী) ও Level- 2 (সব ধরনের খাল ও অবকাঠামোসমূহ) এর ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য প্রতিবছর/সবসময় পওর খাতে বরাদ্দ প্রদান নিশ্চিত করবে ও স্থানীয়/ফেনী বিভাগীয় দপ্তরের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়ন করবে এবং সেচ মৌসুমে প্রয়োজনীয় সেচের পানি নিশ্চিত করবে।

চ) Level-3 অবকাঠামোর ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষনের জন্য মাঠ পর্যায়ে ব্যয় যোগান কম হলে প্রতি বছর পর্যালোচনান্তে সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক পওর খাত হতে প্রয়োজনীয় বরাদ্দ সংস্থানের ব্যবস্থা গ্রহণ করবে।

ছ) লিজচুক্তির মাধ্যমে পানি ব্যবস্থাপনা সংগঠনের নিকট স্কীমসমূহ হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করবে এবং পরবর্তী ৫ বছরে উত্তরন সময়কালে (Transition Period) সেচচার্জ হতে আয় প্রয়োজনের তুলনায় কম হলে (Shortfall) পওর খাত হতে বরাদ্দ নিশ্চিত করবে।

জ) বিশেষ করে লিজচুক্তির মাধ্যমে পানি ব্যবস্থাপনা সংগঠনের নিকট স্কীমসমূহ হস্তান্তর করার লক্ষ্যে মেরামত ও যন্ত্রপাতি প্রতিস্থাপনের প্রয়োজন হলে প্রকল্প সমাপ্তির পর পওর খাত হতে বরাদ্দ নিশ্চিত করবে।

ঝ) JMC -এর কার্যক্রম পরিচালনায় মূল সহায়ক ভূমিকা পালন করবে। প্রকল্পের ব্যবস্থাপনা ও পরিচালনার ক্ষেত্রে JMC -এর সাথে সমন্বয় সাধন করবে।

ঞ) সেচ প্রদান সংক্রান্ত বিষয়ে পানি ব্যবস্থাপনা সংগঠনকে প্রয়োজনীয় নির্দেশনা ও সমর্থন প্রদান করবে।

**৯। ফেনী পওর বিভাগীয় দপ্তর ও উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তরের সেট-আপভুক্ত প্রধান কর্মকর্তা/কর্মচারীগণের কার্যপরিধি (ToR):**

**(৯.১) নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ (১জন) নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবে:**

ক) বার্ষিক কর্ম পরিকল্পনা ও বাজেট প্রণয়ন ও বরাদ্দকৃত বাজেট অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করবে।

খ) সেট-আপভূক্ত প্রধান কর্মকর্তা/কর্মচারীগণ পরিচালনা ও তদারকি করবে।

গ) JMC এর সাথে সমন্বয়পূর্বক সকল আর্থিক আদান-প্রদান নিশ্চিত করবেন এবং সার্বিক দায়িত্ব পালন করবে। লিজ-ফি ও অর্জিত সেচচার্জ হতে আয় ও ব্যয় একটি Escrow Account এর মাধ্যমে পরিচালনা করবে।

ঘ) প্রকল্পের অন্তর্ভুক্ত Level- 1 (প্রধান রেগুলেটর, প্রধান নদী) ও Level- 2 (সব ধরনের খাল ও অবকাঠামোসমূহ) এর ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ নিশ্চিত করবে এবং সেচ মৌসুমে প্রয়োজনীয় সেচের পানি নিশ্চিত করবে।

ঙ) Level-3 অবকাঠামোর ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষনের জন্য Gap Funding এর প্রয়োজন হলে প্রতি বছর পর্যালোচনান্তে সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক পওর খাত হতে প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তির ব্যবস্থা গ্রহণ করবে।

চ) লিজচুক্তির মাধ্যমে পানি ব্যবস্থাপনা সংগঠনের নিকট স্কীমসমূহ হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করবে এবং পরবর্তী ৫ বছরে উত্তরন সময়কালে (Transition Period) সেচচার্জ হতে আয় প্রয়োজনের তুলনায় কম হলে (Shortfall) পওর খাত হতে বরাদ্দ প্রাপ্তি নিশ্চিত করবে।

ছ) লিজচুক্তির মাধ্যমে পানি ব্যবস্থাপনা সংগঠনের নিকট স্কীমসমূহ হস্তান্তর করার লক্ষ্যে মেরামত ও যন্ত্রপাতি প্রতিস্থাপনের প্রয়োজন হলে পওর খাত হতে বরাদ্দ প্রাপ্তি ও ব্যবস্থাপনা নিশ্চিত করবে।

জ) প্রকল্পের ব্যবস্থাপনা ও পরিচালনার ক্ষেত্রে JMC -এর সাথে সমন্বয় সাধন করবে।

ঝ) সেচ প্রদান সংক্রান্ত বিষয়ে পানি ব্যবস্থাপনা সংগঠনকে প্রয়োজনীয় নির্দেশনা ও সমর্থন প্রদান করবে।

ঞ) সকল পাম্প/স্কীমের ও খালের যথাযথভাবে পরিচালন ও রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনা নিশ্চিত করবে।

ট) সেচ চার্জ আদায় ও ব্যয় নির্বাহের মাধ্যমে প্রকল্পের আর্থিক সক্ষমতা অর্জন ও আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করবে।

ঠ) প্রকল্পের আর্থিক সক্ষমতা অর্জনের লক্ষ্যে নতুন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবেন।

ড) প্রকল্পের অবকাঠামো ও যন্ত্রপাতিসমূহের নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে জেলা ও উপজেলা প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী ও JMC/বিভাগীয় দপ্তর এর মধ্যে সার্বিক সমন্বয় ও সহায়তা প্রদান করবে।

ঢ) অনুমোদিত গাইডলাইন অনুসরণপূর্বক সকল কার্যক্রম গ্রহণ করবে।

ণ) প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনা টেকসই করার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

ত) বিভিন্ন অংশীদারদের মধ্যে মধ্যস্থতা, সহায়তা ও প্রকল্প সুবিধাভোগিদের সাথে সমন্বয় সাধন করবে।

থ) সেট-আপভূক্ত কর্মকর্তা/কর্মচারীগণের প্রধান হিসেবে দায়িত্ব পালন করবে।

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দ) মুহুরী সেচ প্রকল্পের জন্য MOM এর লক্ষ্যমাত্রাগুলি তারিখ ভিত্তিক নির্ধারণ করে প্রতি বছর সমন্বিত পরিকল্পনা প্রস্তুতকরণ, ব্যবস্থাপনা ও পরিচালনা করবে।

ধ) মুহুরী সেচ প্রকল্পের জন্য প্রয়োজনীয় সেচের পানির পরিমান পর্যালোচনা করবে এবং তদানুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে JMC-কে পানির প্রাপ্যতার বিষয়ে পরামর্শ প্রদান করবে।

ন) অগ্রাধিকার ভিত্তিতে লিজচুক্তির মাধ্যমে পানি ব্যবস্থাপনা সংগঠনের নিকট স্কীমসমূহ হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করবে। স্কীমসমূহ হস্তান্তর না করা পর্যন্ত উহা ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষন করবে। পানি ব্যবস্থাপনা সংগঠনের নিকট স্কীমসমূহ হস্তান্তরের লক্ষে যৌথ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে।

প) আর্থিক ব্যবস্থাপনার সকল কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়নের দায়িত্বভার গ্রহণ করবে এবং বাপাউবো/সরকার এর অডিটিং সম্পন্ন করবে এবং প্রণীত অডিট প্রতিবেদনের আলোকে তিনি Follow up action নিশ্চিত করবে। উক্ত সকল কার্যক্রম তদারকি করবে।

ফ) বাপাউবোর নির্ধারিত কার্যপরিধির আলোকে প্রযোজ্যক্ষেত্রে সকল ব্যবস্থাপনা তার দপ্তর হতে পরিচালিত হবে।

ব) প্রকল্প ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণকালে লিজপ্রদত্ত স্কীমসমূহ সংক্রান্ত বিষয়ে কোন অপ্রত্যাশিত/force majeure অবস্থার উদ্ভব হলে তা সমাধানের লক্ষ্যে বাপাউবোর সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় আর্থিক ব্যবস্থা গ্রহণ করবে।

**(৯.২) উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (১জন) নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবে:**

ক) অংশগ্রহণমূলক, সুষ্ঠু পানি ব্যবস্থাপনার লক্ষ্যে প্রকল্পের আওতায় পানি ব্যবস্থাপনা দল, পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এবং পানি ব্যবস্থাপনা ফেডারেশন গঠন, পুনঃগঠন এবং নিবন্ধনসহ সংগঠনের সাংগঠনিক কার্যক্রম পরিকল্পনা ও বাস্তবায়ন করবে।

খ) অনুমোদিত গাইডলাইন অনুসরণপূর্বক সকল কার্যক্রম গ্রহণ করবে।

গ) মুহরী পানি ব্যবস্থাপনা সংগঠনের সাথে বাপাউবোর লিজচুক্তি/স্কীম হস্তান্তরের বিষয়ে প্রয়োজনীয় দায়িত্ব ও সহায়তা করবে।

ঘ) সেচচার্জ ও লিজ ফি আদায়ে প্রয়োজনীয় দায়িত্ব ও সহায়তা করবে।

ঙ) JMC এর সদস্য-সচিব হিসাবে দায়িত্ব পালন করবে। প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনা টেকসই করার লক্ষ্যে সার্বিক ব্যবস্থাপনা ও দেখভালের বিষয়ে দলনেতাকে সার্বিক সহায়তা প্রদান করবে।

চ) বিভিন্ন অংশীদারদের মধ্যে মধ্যস্থতা, সহায়তা ও প্রকল্প সুবিধাভোগিদের সাথে সমন্বয় সাধন করবে।

ছ) প্রকল্পের সকল এলএলপি স্কীমগুলির সেচ সরবরাহের সমস্ত গ্রাহক সেবা, সেচ সেবা, স্কীমের সমস্যা ও অভিযোগসমূহ নিষ্পত্তি ইত্যাদির সামগ্রিক দায়িত্ব পালন করবে।

জ) কৃষক/পাম্প অপারেটর/সেচ সুবিধাভোগী, মুহরী পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO) এর মধ্যে সমন্বয় ও যাবতীয় চুক্তি সম্পাদনে ভূমিকা রাখবে।

ঝ) প্রকল্পের সকল এলএলপি/স্কীম (৮৫০টি) এর বার্ষিক সেচকার্যক্রম পরিকল্পনা প্রণয়ন ও তা পরিচালনা/বাস্তবায়ন করবেন।

ঞ) পাম্প অপারেটর/স্কীম কমিটির নিয়োগসহ কৃষকদের সকল সেচ সেবা নিশ্চিত করবে এবং এলএলপি স্কীমে স্কীম কমিটির তালিকা প্রণয়ন/হালনাগাদ, কার্যক্রম তদারকি করবে।

ট) প্রকল্পের সকল এলএলপি স্কীমের সমস্যা চিহ্নিত করবেন এবং তা সমাধানের নিমিত্তে নির্বাহী প্রকৌশলী (পুর) কে অবহিত করবে।

ঠ) উপজেলার সকল পানি ব্যবস্থাপনা এসোসিয়েশনের সহিত সমন্বয় করে প্রকল্পের সমস্ত এলএলপি স্কীমগুলো পরিচালনার জন্য তদারকি ও মূল্যায়ন করবে।

ড) প্রকল্পের পাম্প অপারেটর, মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন এবং কৃষি সংক্রান্ত সকল প্রকার প্রশিক্ষণের বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবে।

ঢ) মৌসুমের আগে ও সেচের মৌসুমে প্রয়োজনীয় প্রস্তুতির মাধ্যমে কৃষকদের মানসম্পন্ন সেচ সেবা নিশ্চিত করার লক্ষ্যে কাজ করবে।

ণ) সকল প্রকার কৃষক প্রশিক্ষণের আয়োজন ও ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে।

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**(৯.৩) সহকারী সম্প্রসারণ কর্মকর্তা/এক্সটেনশন ওভারশিয়ার (২ জন) নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবে:**

ক) অংশগ্রহণমুলক, সুষ্ঠু পানি ব্যবস্থাপনার লক্ষ্যে প্রকল্পের আওতায় পানি ব্যবস্থাপনা দল, পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এবং পানি ব্যবস্থাপনা ফেডারেশন গঠন, পুনঃগঠন এবং নিবন্ধনসহ সংগঠনের সাংগঠনিক কার্যক্রম পরিকল্পনা ও বাস্তবায়ন করবে।

খ) মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠনের সাথে বাপাউবোর লিজচুক্তি/স্কীম হস্তান্তরের বিষয়ে প্রয়োজনীয় দায়িত্ব ও সহায়তা করবে।

গ) সেচচার্জ ও লিজ ফি আদায়ে প্রয়োজনীয় দায়িত্ব ও সহায়তা করবে।

ঘ) বিভিন্ন অংশীদারদের মধ্যে মধ্যস্থতা, সহায়তা ও প্রকল্প সুবিধাভোগিদের সাথে সমন্বয় সাধনের বিষয়ে টীমের দলনেতা ও সহ-দলনেতা'কে সহায়তা করবেন।

ঙ) প্রকল্পের সকল এলএলপি স্কীমগুলির সেচ সরবরাহের সমস্ত গ্রাহক সেবা, সেচ সেবা, স্কীমের সমস্যা ও অভিযোগসমূহ নিস্পত্তি ইত্যাদির বিষয়ে টীমের সহ-দলনেতা'কে সহায়তা করবেন।

চ) কৃষক/সেচ সুবিধাভোগী, মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO) এর মধ্যে সমন্বয় ও যাবতীয় চুক্তি সম্পাদনের বিষয়ে টীমের সহ-দলনেতা- কে সহায়তা করবেন।

ছ) প্রকল্পের সকল এলএলপি/স্কীম (৮৫০টি) এর বার্ষিক সেচকার্যক্রম পরিকল্পনা প্রণয়ন ও তা পরিচালনা/বাস্তবায়নের বিষয়ে টীমের সহ-দলনেতা'কে সহায়তা করবেন।

জ) পাম্প অপারেটর/স্কীম কমিটির নিয়োগসহ কৃষকদের সকল সেচ সেবা নিশ্চিত করবে এবং এলএলপি স্কীমে স্কীম কমিটির তালিকা প্রণয়ন/হালনাগাদ, কার্যক্রম তদারকির বিষয়ে টীমের সহ-দলনেতা'কে সহায়তা করবেন।

ঝ) প্রকল্পের সকল এলএলপি স্কীমের সমস্যা চিহ্নিত করবে এবং তা সমাধানের নিমিত্তে প্রস্তাব তৈরি করবেন।

ঞ) উপজেলার সকল পানি ব্যবস্থাপনা এসোসিয়েশনের সহিত সমন্বয় করে প্রকল্পের সমস্ত এলএলপি স্কীমগুলো পরিচালনার জন্য তদারকি ও মূল্যায়নের বিষয়ে টীমের সহ-দলনেতা'কে সহায়তা করবেন।

ট) প্রকল্পের পাম্প অপারেটর, মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন এবং কৃষি সংক্রান্ত সকল প্রকার প্রশিক্ষণের বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের বিষয়ে টীমের সহ-দলনেতা'কে সহায়তা করবেন।

ঠ) মৌসুমের আগে ও সেচের মৌসুমে প্রয়োজনীয় প্রস্তুতির মাধ্যমে কৃষকদের মানসম্পন্ন সেচ সেবা নিশ্চিত করার লক্ষ্যে কাজ করবেন।

**(৯.৪) উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর) (৪ জন) ও উপ সহকারী প্রকৌশলী (পুর) (১২ জন) নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবে:**

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক) প্রকল্পের পানি ব্যবহারকারীদের সাথে আলোচনার মাধ্যমে প্রকল্পের কমান্ড এলাকায় কাঙ্খিত পরিমানে পানি সরবরাহের সামগ্রিক দায়িত্ব পালন করবেন।

খ) প্রতি বছর MOM-এর জন্য নির্ধারিত বাজেটের মধ্যে সবচেয়ে প্রয়োজনীয় কাজগুলিকে অগ্রাধিকার দিয়ে বার্ষিক পরিকল্পনা তৈরি করবেন। বার্ষিক পরিকল্পনার মধ্যে পানির উৎস (খালসমূহ) এবং সরবরাহ ব্যবস্থায় (LLPs স্কিমগুলিতে) চিহ্নিত সমস্ত ত্রুটিগুলি চিহ্নিত/সংকলন করবেন এবং অত্যাবশ্যক রক্ষণাবেক্ষণ কাজের জন্য বাজেটের মধ্যে প্রযুক্তিগতভাবে নির্ভরযোগ্য সমাধানের জন্য প্রাক্কলন প্রস্তুত করবেন।

গ) প্রকল্পের অন্তর্ভুক্ত Level- 1 (প্রধান রেগুলেটর, প্রধান নদী) ও Level- 2 (সব ধরনের খাল ও অবকাঠামোসমূহ) এর ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ নিশ্চিত করবে এবং সেচ মৌসুমে প্রয়োজনীয় সেচের পানি নিশ্চিত করবে।

ঘ) Level- 3 (পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপলাইন সিস্টেম, পাম্প ও পাম্পিং সিস্টেম, প্রি-পেইড মিটারিং সিস্টেম, সার্ভার সিস্টেম, বৈদ্যুতিক সিস্টেম ও বিদ্যুৎ বিল ইত্যাদি) যন্ত্রাংশগুলির প্রয়োজনীয় প্রতিস্থাপন ও উন্নততর করার জন্য সবচেয়ে ভালো বিকল্প ব্যবস্থার সুপারিশ করবেন।

ঙ) লিজচুক্তির মাধ্যমে পানি ব্যবস্থাপনা সংগঠনের নিকট স্কীমসমূহ হস্তান্তর করার লক্ষ্যে স্কীমসমূহের প্রয়োজনীয় মেরামত ও যন্ত্রপাতি প্রতিস্থাপনের ব্যবস্থা নিশ্চিত করবে।

চ) নির্বাহী প্রকৌশলী (পুর) এবং উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা এর সাথে আলোচনা ও সমন্বয়পূর্বক এলএলপি/স্কীমের কৃষকের নিকট প্রি-পেইড কার্ড বিতরণ, ভেন্ডিং মেশিন বিতরণ ব্যবস্থা, সেচ চার্জ আদায় সংক্রান্ত ব্যবস্থাপনা ইত্যাদি কার্যক্রম নিশ্চিতকরণ করবে।

ছ) পানি সরবরাহ ব্যবস্থা ও বিভিন্ন স্কিমের উপাদান যেমন: হেডার ট্যাঙ্ক, ভেন্ট পাইপ, পাইপলাইন, আউটলেট ইত্যাদি রক্ষণাবেক্ষণের জন্য সর্বোত্তম বিকল্প সমাধান খুঁজে বের করবে।

জ) লেভেল-১ অবকাঠামোর সিস্টেম উন্নততর করার জন্য প্রয়োজনীয় পর্যালোচনা করবেন এবং এর সময়মত মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য বাপাউবোর পওর বিভাগকে অনুরোধ করবে।

ঝ) মৌসুমের আগে এবং সেচ মৌসুমে প্রয়োজনীয় প্রস্তুতির মাধ্যমে কৃষকদের মানসম্পন্ন সেচ প্রদান নিশ্চিত করবে।

ঞ) প্রকল্পের স্কীমসমূহের পরিচালন ও রক্ষণাবেক্ষণের কারিগরী দিকগুলির উপর পাম্প অপারেটর ও টেকনিশিয়ানদের প্রশিক্ষণ দেয়া এবং তাদেরকে MOM কর্মকান্ডে আরও দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে কাজ করবে।

**(৯.৫) উপ-বিভাগীয় প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক) (১জন) ও উপ সহকারী প্রকৌশলী (তড়িৎ/যান্ত্রিক)/কাঁয সহকারী (২ জন) নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবে:**

ক) অপারেটিং, মিটারিং এবং ব্যাক-আপ সিস্টেমসহ প্রকল্পের স্কিমগুলির সকল তড়িৎ-যান্ত্রিক উপাদানগুলির পরিচালন ও রক্ষণাবেক্ষণ তদারকি করবে।

খ) প্রকল্পের অন্তর্ভুক্ত Level- 1 (প্রধান রেগুলেটর, প্রধান নদী) ও Level- 2 (সব ধরনের খাল ও অবকাঠামোসমূহ) এর ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (তড়িৎ/যান্ত্রিক) কাজ নিশ্চিত করবে এবং সেচ মৌসুমে প্রয়োজনীয় সেচের পানি নিশ্চিত করবে।

গ) Level- 3 (পাম্প হাউজ, হেডার ট্যাংক, ভূগর্ভস্থ পাইপলাইন সিস্টেম, পাম্প ও পাম্পিং সিস্টেম, প্রি-পেইড মিটারিং সিস্টেম, সার্ভার সিস্টেম, বৈদ্যুতিক সিস্টেম ও বিদ্যুৎ বিল ইত্যাদি) তড়িৎ-যান্ত্রিক সম্পর্কিত যন্ত্রাংশগুলির প্রয়োজনীয় প্রতিস্থাপন ও উন্নততর করার জন্য সবচেয়ে ভালো বিকল্প ব্যবস্থার সুপারিশ করবে।

ঘ) লিজচুক্তির মাধ্যমে পানি ব্যবস্থাপনা সংগঠনের নিকট স্কীমসমূহ হস্তান্তর করার লক্ষ্যে স্কীমসমূহের প্রয়োজনীয় মেরামত ও যন্ত্রপাতি প্রতিস্থাপনের ব্যবস্থা নিশ্চিত করবে।

ঙ) নির্বাহী প্রকৌশলী (পুর) এবং উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা এর সাথে আলোচনা ও সমন্বয়পূর্বক এলএলপি/স্কীমের কৃষকের নিকট প্রি-পেইড কার্ড বিতরণ, ভেন্ডিং মেশিন বিতরণ ব্যবস্থা, সেচ চার্জ আদায় সংক্রান্ত ব্যবস্থাপনা ইত্যাদি কার্যক্রম নিশ্চিতকরণ করবে।

চ) চুক্তি অনুযায়ী REB/PBS-এর স্পেসিফিকেশন, স্ট্যান্ডার্ড মানা হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য বৈদ্যুতিক কাজের নির্ধারিত নিয়ম, মান সম্পর্কে REB/PBS-এর সাথে সমন্বয় করবেন এবং REB/PBS-এর সাথে বিদ্যুৎ নেটওয়ার্কের প্রয়োজনীয় উন্নততর করার প্রয়োজনীয়তা সর্ম্পকে পর্যালোচনা ও ব্যবস্থা গ্রহণ করবে।

ছ) মৌসুমের আগে এবং সেচ মৌসুমে তড়িৎ-যান্ত্রিক উপাদানগুলির জন্য প্রয়োজনীয় প্রস্তুতির মাধ্যমে কৃষকদের মানসম্পন্ন সেচ প্রদান নিশ্চিত করবে।

জ) পাম্প সিস্টেম, প্রি-পেইড মিটার, সার্ভার, অন্যান্য তড়িৎ-যান্ত্রিক পাম্পসমূহ ইত্যাদি রক্ষণাবেক্ষণের জন্য জেলা পর্যায়ে একটি ওয়ার্কসপ পরিচালনা করবে।

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**(৯.৬) সহকারী প্রকৌশলী (পুর) (১ জন) নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবে:**

ক) নির্বাহী প্রকৌশলী দপ্তরের কার্যপরিধির আলোকে অফিস ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা ও সেচ ব্যবস্থাপনার নিমিত্তে নির্বাহী প্রকৌশলীকে সহায়তা প্রদান।

**(৯.৭) জিআইএস/এমআইএস ব্যবস্থাপক/সহকারী প্রোগ্রামার (২জন) নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবে:**

ক) ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (MIS), জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (GIS) রক্ষণাবেক্ষণ করবেন ও প্রয়োজন অনুযায়ী হালনাগাদ করবে।

খ) প্রিপেইড কার্ড সম্পর্কিত তথ্য আদানপ্রদানের জন্য বিভিন্ন উপজেলায় অবস্থিত ছয়টি দূরবর্তী কম্পিউটারের সার্ভার লিংক গুলি পরিচালনা করবে।

গ) টেলি-প্রিপেইড কার্ডের জন্য ক্রেডিট পুনরায় রিফিল এর ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রয়োজন অনুযায়ী সেচ সংক্রান্ত তথ্য (পরিচালনা, অবস্থান, বাস্তব সময়ের তথ্য প্রদর্শন এবং তথ্য প্রিন্ট) প্রস্তুত করবে।

ঘ) সমস্ত প্রযুক্তিগত তথ্যের (স্কিম বিবরণী) পাশাপাশি আর্থিক বিবরণী (আয় এবং ব্যয়) এর তথ্য MIS সিস্টেমে সংরক্ষণ করবে।

ঙ) সমস্ত স্কিমগুলির GIS তথ্য সংরক্ষণ করা এবং প্রয়োজন অনুযায়ী ম্যাপিংও বিশ্লেষণের জন্য ব্যবহার করবে।

**(৯.৮) উর্দ্ধতন হিসাব সহকারী/হিসাবকরণীক (২ জন) নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবে:**

ক) দাপ্তরিক সকল হিসাব, রেকর্ড ও নথি সংরক্ষণ করবে।

খ) নির্বাহী প্রকৌশলী (পুর)'কে আর্থিক ব্যবস্থাপনায় সহায়তা প্রদান করবে।

গ) লিজ ফি ও সকল প্রিপেইড মিটার সম্পর্কিত সমস্ত রাজস্ব/সংগ্রহ/কার্ড রিচার্জসহ escrow অ্যাকাউন্টের সমস্ত লেনদেন এবং ক্রয়-বিক্রয়ের রেকর্ড প্রস্তুত, হালনাগাদ, তত্ত্বাবধান করবে।

ঘ) সকল উৎস থেকে অর্জিত আয়ের তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও সংকলন করবে।

ঙ) অন্যান্য হিসাবরক্ষণ কাজের পাশাপাশি মাসিক বেতনভাতাদির বিল প্রস্তুতপূর্বক জমা প্রদান করবে।

চ) সকল সম্পদের তথ্য সংরক্ষণ করবেন ও সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ছ) অডিট দলকে সহায়তা প্রদান ও আপত্তি নিষ্পত্তিকরণে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

**১০। পানি ব্যবস্থাপনা সংগঠনের কার্যপরিধি (ToR):**

বাপাউবো কর্তৃক রেজিস্ট্রিভূক্ত মুহুরী সেচ প্রকল্পে পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO) বিদ্যমান আছে। এ সংগঠনের ৩টি ধাপ তথা ১টি পানি ব্যবস্থাপনা ফেডারেশন (WMF), ৬টি পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (WMA) এবং ৩৭টি পানি ব্যবস্থাপনা দল (WMG) কার্যকর আছে। লিজচুক্তির মূল উদ্দেশ্য হলো প্রি-পেইড মিটারিং পদ্ধতিতে দীর্ঘ মেয়াদে পানি ব্যবস্থাপনা সংগঠনের (WMO) মাধ্যমে স্কীমসমূহ ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষন (MOM) এর সক্ষমতা অর্জন করা। সে লক্ষ্যে পানি ব্যবস্থাপনা সংগঠন দায়িত্ব পালন করবে। প্রকল্পের স্কীমসমূহ বাপাউবো হতে লিজ গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবে:

মোহাম্মদ আব্দুর রহিম বিশ্বাস
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**(১০.১) পানি ব্যবস্থাপনা ফেডারেশন (WMF):**

ক) স্কিমের লিজ/হস্তান্তর চুক্তির ক্ষেত্রে বাপাউবোর সাথে আলোচনা (Negotiation) করবে।

খ) স্কিমের লিজ/হস্তান্তর চুক্তি স্বাক্ষরের নিমিত্বে WMG এর প্রতিনিধি মনোনয়ন প্রদান করবে।

গ) স্কীমের কার্যগত প্রস্তুতি (Operational Readiness) এবং হস্তান্তর তালিকা বাপাউবোর সাথে আলোচনাপূর্বক প্রস্তুত করবে।

ঘ) সম্পাদিত লিজ/হস্তান্তর চুক্তির আলোকে (সর্বনিম্ন ১টি ও সর্বোচ্চ ৫টি) স্কীম ব্যবস্থাপনার জন্য নমিনেটেড স্কীম অপারেটর (NSO) সাথে WMG এর চুক্তি সম্পাদন নিশ্চিত করবে এবং সেখানে আর্থিক ব্যবস্থাপনা ও অন্যান্য দায়-দায়িত্ব উল্লেখ থাকবে।

ঙ) স্কীম ব্যবস্থাপনায় NSO এর সক্ষমতা ও মৌলিক মেরামতের জ্ঞান থাকতে হবে এবং প্রয়োজনে স্থানীয় কারিগরের মাধ্যমে প্রধান মেরামত কাজগুলো সম্পন্ন করার অভিজ্ঞ স্কীম অপারেটরকে নির্বাচন করতে হবে। এ ক্ষেত্রে নিয়োজিত স্কীম অপারেটরকে অগ্রাধিকার প্রদান করবে এবং তাদের সাথে সম্পাদিত চুক্তি নিয়মিত মনিটরিং করবে।

চ) পানি ব্যবস্থাপনা ফেডারেশন (WMF) প্রয়োজনীয় পওর খরচ, লিজ-ফি ও অন্যান্য খরচ অন্তর্ভূক্ত করে কৃষকদের নিকট গ্রহণযোগ্য সেচচার্জ নির্ধারণ করবে এবং যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) হতে অনুমোদন গ্রহণ করবে।

ছ) প্রি-পেইড মিটার সিস্টেম ও সার্ভার সিস্টেম প্রাথমিকভাবে বাপাউবো কর্তৃক পরিচালিত/ব্যয় নির্বাহ করা হবে, তবে পরবর্তীতে আলোচনা সাপেক্ষে পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO) এর মাধ্যমে পরিচালিত/ব্যয় নির্বাহ করা হবে।

জ) গাইডলাইনে উল্লেখিত সার্বিক দায়িত্বসমূহ পালন করবে।

**(১০.২) পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (WMA):**

ক) বাপাউবোর সাথে WMG এর সম্পাদিত চুক্তি এবং WMG এর সাথে NSO এর সম্পাদিত চুক্তি তদারকি করবে।
খ) কৃষকদের অভিযোগ ও সমস্যা সমাধানে ব্যবস্থা গ্রহণ করবে।
গ) লিজভূক্ত স্কীমসমূহ ব্যবস্থাপনার ক্ষেত্রে WMG এর সাথে WMF এর সমন্বয় সাধন করবে।
ঘ) স্কীমসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণ ও ক্ষয়-ক্ষতি প্রতিরোধে প্রশাসনিক ও আইনগত ব্যবস্থা গ্রহণে WMG সহযোগীতা প্রদান করবে।

**(১০.৩) পানি ব্যবস্থাপনা দল (WMG):**

ক) বাপাউবোর সাথে আলোচনাপূর্বক লিজচুক্তির জন্য স্কীমসমূহ নির্বাচন করবে।
খ) মুহুরী পানি ব্যবস্থাপনা ফেডারেশনের (WMF) এর মনোনীত স্কীম অপারেটরের (NSO) সাথে স্কীমসমূহের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের (MOM) জন্য উক্ত পানি ব্যবস্থাপনা দল (WMG) ভিন্নচুক্তি (সর্বনিম্ন ১টি ও সর্বোচ্চ ৫টি স্কীম) সম্পাদন করবে।
গ) সেচচার্জ হতে আয়-ব্যয়ের হিসাব Escrow/Bank Account এর মাধ্যমে ব্যবস্থাপনা করবে।
ঘ) স্কীমের প্রয়োজনীয় মেরামত, রক্ষণাবেক্ষন, লিজচুক্তি নবায়ন ও অপ্রত্যাশিত বিষয়ের উদ্ভব হলে তা সমাধানের জন্য অর্থ সংরক্ষণ করবে।
ঙ) স্কীমের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষন (MOM) নিমিত্তে বিদ্যুৎ খরচ, NSO ফি, ভেন্ডার ফি, প্রশাসন ও আর্থিক ব্যয়, লিজ ফি, ইত্যাদি পরিশোধ করবে।
চ) পানি ব্যবস্থাপনা সংগঠনের ব্যবস্থাপনা ফি বাবদ সর্বোচ্চ ৩% পর্যন্ত অর্থ মনোনীত স্কীম অপারেটর (NSO) কর্তৃক আদায়কৃত সেচচার্জ হতে গ্রহণ করতে পারবে।
ছ) চুক্তিতে উল্লেখিত শর্তাবলি আবশিকভাবে অনুসরণ করবে।

**১১। ভেন্ডিং সিস্টেমসহ প্রি-পেইড মিটার সিস্টেম, সার্ভার সিস্টেম ব্যবস্থাপনা, প্রি-পেইডকার্ড ভেন্ডিং এবং রিফিলিং:**

ক) প্রি-পেইড মিটার সিস্টেমের মাধ্যমে সকল স্কীম (লিজভূক্ত/হস্তান্তরিত ও লিজবহির্ভূত) পরিচালিত হবে।

খ) কৃষকদের নিকট প্রি-পেইডকার্ড ইস্যু/বিক্রয়, সেচ চার্জ আদায় করার জন্য সংশ্লিষ্ট পানি ব্যবস্থাপনা দলের (WMG) অনুকূলে ভেন্ডিং মেশিন প্রদান করতে হবে।

গ) বাপাউবো কর্তৃক কেন্দ্রীয় সার্ভার ব্যবস্থাপনা করবে এবং পানি ব্যবস্থাপনা সংগঠন লিজভূক্ত স্কীমের জন্য ভেন্ডিং মেশিন ব্যবস্থাপনা করবে। সকল স্কীমসমূহ লিজচুক্তির আওতায় পানি ব্যবস্থাপনা সংগঠনের নিকট হস্তান্তরিত না হওয়া পর্যন্ত হস্তান্তরিত স্কীম ও অহস্তান্তরিত স্কীম দুই ক্ষেত্রেই আলাদাভাবে ভেন্ডিং মেশিনের মাধ্যমে আলাদাভাবে সেচচার্জ আদায় করতে হবে। সেক্ষেত্রে সার্ভার সিস্টেমে/প্রি-পেইড মিটার সিস্টেমে প্রয়োজনীয় সংশোধন করতে হবে।

ঘ) যে সকল প্রি-পেইডকার্ড ইতোপূর্বে কৃষকের অনুকূলে ইস্যু করা হয়েছে সেগুলো ব্যবহার করতে পারবে। পানি ব্যবস্থাপনা সংগঠন কর্তৃক কৃষকের অনুকূলে প্রয়োজনীয় অতিরিক্ত প্রি-পেইডকার্ড ইস্যু করতে পারবে।

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ঙ) প্রয়োজন অনুযায়ী উক্ত ভেন্ডিং মেশিন এর মাধ্যমে বাপাউবো হতে ভেন্ডিং রিফিল বা রিচার্জ করতে পারবে। লিজভূক্ত/হস্তান্তরিত স্কীমের জন্য কোন অর্থ বাপাউবোর অনুকূলে পরিশোধ করার প্রয়োজন হবে না। উক্ত রিচার্জ গ্রহণের পর কৃষকের নিকট হতে নির্ধারিত সেচ চার্জ গ্রহণের মাধ্যমে কৃষকের প্রি-পেইডকার্ড রিফিল বা রিচার্জ করতে পারবে এবং এর মাধ্যমে পাম্প পরিচালনা করতে হবে। কোন অবস্থায় প্রি-পেইডকার্ড ব্যতিত পাম্প পরিচালনা/চালু করা যাবে না।

চ) পানি ব্যবস্থাপনা সংগঠন ভেন্ডিং মেশিনের মাধ্যমে শুধুমাত্র হস্তান্তরিত স্কীমের ক্ষেত্রে সেচচার্জ আদায় করবে এবং অহস্তান্তরিত স্কীমের ক্ষেত্রে বাপাউবো সেচচার্জ আদায় করবে।

ছ) বাপাউবো কর্তৃক আউটসোর্সিং এর মাধ্যমে/নিজস্ব পদ্ধতিতে প্রি-পেইড মিটার ও সার্ভার সিস্টেম ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষন করা হবে। তবে পানি ব্যবস্থাপনা সংগঠনের নিকট সকল স্কীমসমূহ লিজচুক্তির মাধ্যমে হস্তান্তর করার পর সংগঠনের সক্ষমতা বৃদ্ধি পেলে সেক্ষেত্রে উক্ত প্রি-পেইড মিটার ও সার্ভার সিস্টেম ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষনের জন্য তাদের নিকট হস্তান্তর বিবেচনা করা যাবে।

**১২। ঝুঁকি বিশ্লেষণ:**

প্রত্যাশার চেয়ে রাজস্ব হ্রাস, পানির কম ব্যবহার, হ্রাসকৃত সেচ এলাকা, বৈদ্যুতিক সরবরাহের অপ্রতুলতা বা রাজস্ব আদায়ের সীমাবদ্ধতাসহ অপ্রত্যাশিত পরিস্থিতিতে পর্যাপ্ত সরকারি সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

**১৩। দায়বদ্ধতা (Liability):**

সরঞ্জামসমূহের অবমূল্যায়ন এবং প্রতিস্থাপন সংক্রান্ত খরচের সাথে দায়বদ্ধতা জড়িত। প্রি-পেইড মিটারসহ প্রত্যেকটি পাম্প সেটের মেয়াদ ১০ (দশ) বছর বিবেচনায় নিয়ে অবচয় (depreciation) দায় নির্ধারণ বাপাউবো, ফেনী পওর বিভাগের সুপারিশের পরিপ্রেক্ষিতে করতে হবে।

**১৪। বাপাউবো এর আর্থিক ব্যবস্থাপনা ও ব্যয় নিরীক্ষা:**

আর্থিক ব্যবস্থাপনায় সাধারণত নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে:

ক) আর্থিক পরিচালনা, বাজেটিং ও বরাদ্দ ব্যবস্থাপনা।
খ) হিসাব সংরক্ষণ।
গ) ব্যয় পরিচালনা পদ্ধতি ও রিপোর্টিং।
ঘ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ।
ঙ) অডিটিং (নিরীক্ষা প্রতিবেদন প্রণয়ন)।

**১৫। প্রকিউরমেন্ট/ক্রয় নির্দেশিকা:**

আর্থিক সম্পদের সঠিক ও দক্ষ ব্যবহার নিশ্চিত করার জন্য ক্রয় ব্যবস্থাপনা গুরুত্বপূর্ণ। বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য ক্রয় ব্যবস্থাপনার গুরুত্ব অপরিসীম। কর্মসূচী প্রণয়ন, অর্থ সংগ্রহ, আর্থিক লেনদেন, রিপোর্টিং ও অডিটিং খুবই গুরুত্বপূর্ণ। সঠিক ও দক্ষ ক্রয় ব্যবস্থার জন্য নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণীয়:

(১) MOM এর জন্য অনুমোদিত গাইডলাইন অনুসরণ করা।
(২) যে কোন ভুল বা মিথ্যা তথ্য পরিহার করা।
(৩) সঠিক, পরিপূর্ণ ও নির্ভুল আর্থিক লেনদেনের তথ্য সংরক্ষণ।
(৪) সঠিক সময়ে বিশ্বাসযোগ্য আর্থিক প্রতিবেদন প্রণয়ন।
(৫) সততা ও নির্ভরযোগ্যভাবে আর্থিক তথ্য, হিসাব ও ডাটা নিশ্চিতকরণ।
(৬) সংস্থার সম্পদ সংরক্ষণ ও হারানো/ক্ষতি থেকে রক্ষাকরণ।
(৭) অর্থ সম্পদের দক্ষ ও অর্থনৈতিকভাবে লাভজনক ব্যবহার নিশ্চিতকরণ।
(৮) দক্ষ ও কার্যকরভাবে সংস্থার কর্মসূচী বাস্তবায়ন।

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

***যেকোন Logistic Support, পণ্য/বস্তু, জনবল সংক্রান্ত সেবা, অন্যান্য সেবা ও কাজ সংক্রান্ত প্রকিউরমেন্ট/ক্রয় এর জন্য পিপিআর-২০০৮, Delegation of Financial Power-2016 (DoFP) of BWDB, আউটসোর্সিং নীতিমালা, অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা বিধিমালা-২০১৪ ও সরকারের অন্যান্য বিধিবিধান অনুসরণ করে সম্পন্ন করবে।***

**১৬। প্রকল্পের দায়িত্বভার গ্রহণ :**

প্রকল্প বাস্তবায়নকালে নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU) হিসাবে দায়িত্ব পালন করে বিধায় উক্ত দপ্তর প্রকল্পের সার্বিক দায়িত্বভার গ্রহণ করবে (পূর্ববর্তী গাইডলাইন অনুযায়ী দায়িত্বভার গৃহীত হলে তা নির্বাহী প্রকৌশলীর দপ্তরের দায়িত্বভার হিসাবে বিবেচিত হবে)।

**১৭। বিবিধ:**

ক) এ গাইডলাইনটি অনুমোদনের পরিপ্রেক্ষিতে পূর্বানুমোদিত "Management-Irrigation Management Operator (M-IMO) ব্যবস্থাপনা পরিষদ গঠন ও মুহরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) গাইডলাইন" শিরোনামের গাইডলাইনটি রহিত করা হলো।

খ) এ গাইডলাইনটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজন অনুসারে পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন করা যাবে।

**Apendix-1**

# লিজচুক্তি (Lease Agreement)

মুহরী সেচ প্রকল্পের উন্নততর ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) এর জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB) ও মুহরি সেচ প্রকল্পের পানি ব্যবস্থাপনা দল (WMG), (জেলা, উপজেলা, ইউনিয়ন) এর মধ্যে নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে এ চুক্তিটি অদ্য / /২০২৪খ্রিঃ সম্পাদন করা হলো:

**১ম পক্ষঃ**
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB) এর পক্ষে **নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী** মুহরী সেচ প্রকল্পের স্কীমসমূহ লিজ প্রদানে সম্মত ।

**২য় পক্ষঃ**
মুহরী সেচ প্রকল্পের পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO)/পানি ব্যবস্থাপনা ফেডারেশন (WMF)-এর মনোনীত প্রতিনিধির পক্ষে **মুহরী সেচ প্রকল্পের পানি ব্যবস্থাপনা দল (WMG), (জেলা, উপজেলা, ইউনিয়ন) স্কীমসমূহ** লিজ গ্রহণে সম্মত। ।

| লিজভূক্ত সেচ স্কীমের সংখ্যা | সেচ স্কীমের মোট এলাকা (হেক্টর) | হস্তান্তরিত এলাকা (হেক্টর) |
|---|---|---|
| | | |

**শর্তাবলী :**

| ক্র: নং | বিষয়বস্তু | বিবরণ |
|---|---|---|
| ১ | মালিকানা | মুহরী সেচ প্রকল্পের অন্তর্ভূক্ত সকল সেচ স্কীমসমূহের সকল সম্পদসমূহের মালিকানা প্রথম পক্ষের নিকট সংরক্ষিত। |
| ২ | প্রথম পক্ষের দায়িত্বসমূহ | ক) লেভেল-১: অবকাঠামো (প্রধান রেগুলেটর, নদী) এর ব্যবস্থাপনা, পরিচালন এবং রক্ষণাবেক্ষণ (MOM)<br>খ) লেভেল-২: অবকাঠামো (সকল খালসমূহ ও অন্যান্য অবকাঠামোসমূহ) এর ব্যবস্থাপনা, পরিচালন এবং রক্ষণাবেক্ষণ (MOM)<br>গ) লেভেল-৩: অবকাঠামো (প্রিপেইড মিটার সিস্টেম ও সার্ভার সিস্টেম) নির্বাহী প্রকৌশলী, ফেনী পওর বিভাগ কর্তৃক পরিচালিত।<br>ঘ) প্রি-পেইডকার্ড প্রদান: প্রতিটি স্কিমের জন্য কমপক্ষে ০৫ (পাঁচ)টি প্রি-পেইড কার্ড বা প্রয়োজনে অধিক প্রি-পেইডকার্ড প্রদান।<br>ঙ) Escrow Account পরিচালনা (প্রাপ্ত লিজ-ফি সংগ্রহ ও আয়-ব্যয়ের হিসাব)। |
| ৩ | দ্বিতীয় পক্ষের দায়িত্বসমূহ | লেভেল-৩: হস্তান্তরিত স্কীমের অবকাঠামোসমূহ এর ব্যবস্থাপনা, পরিচালন এবং রক্ষণাবেক্ষণের (MOM) যথা,<br>ক) পাম্প হাউস এবং হেডার ট্যাঙ্ক।<br>খ) পাম্প এবং পাম্পিং সিস্টেম।<br>গ) ভেন্ট পাইপ এবং আউটলেটসহ ভূগর্ভস্থ পাইপ সিস্টেম।<br>ঘ) প্রিপেইড মিটার পরিচালনা ও ভেন্ডিং মেশিন পরিচালনা।<br>ঙ) বিদ্যুতায়ন এবং তারের সংযোগ।<br>চ) ট্রান্সফরমার এবং অন্যান্য সরঞ্জামসহ স্কিমগুলির সামগ্রিক নিরাপত্তা।<br>ছ) বিদ্যুৎ বিল পরিশোধ।<br>জ) Escrow Account পরিচালনা (অর্জিত সেচ চার্জ আদায় ও আয়-ব্যয়ের হিসাব)। |
| ৪ | প্রথম পক্ষের বাধ্যবাধকতা | ক) প্রতি বছর ০১ জানুয়ারি থেকে ১৫ মে পর্যন্ত সময়ে সেচের নিমিত্তে নদী/খালসমূহে পর্যাপ্ত পানির সরবরাহ নিশ্চিত করা ।<br>খ) প্রয়োজনে খাল/জলাধার পুন:খননের মাধ্যমে সেচ মৌসুমে সেচের পানি সরবরাহ নিশ্চিত করা। |
| ৫ | দ্বিতীয় পক্ষের বাধ্যবাধকতা | ক) লিজচুক্তি অনুযায়ী বর্ণিত সেচ সম্পদ পরিচালন ও রক্ষণাবেক্ষণ করা।<br>খ) লিজচুক্তি বহির্ভূত কোন কার্যক্রমের সাথে জড়িত না হওয়া। |

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| ক্র: নং | বিষয়বস্তু | বিবরণ |
|---|---|---|
| | | গ) কোনো অতিরিক্ত অনুমোদন বিহীন পাম্প স্থাপন না করা এবং অনুমোদন বহির্ভূত সেচ পাম্প অপসারনের ব্যবস্থা গহণ।<br>ঘ) লিজচুক্তির অধীনে সম্পদের ক্ষতি সাধন না করা।<br>ঙ) JMC, BWDB, WMA, WMF, PBS এবং অন্যান্য সংস্থার সাথে সমন্বয়ের মাধ্যমে কাজ করা।<br>চ) বিদ্যুতের সকল বিল যথাসময়ে পরিশোধ করা।<br>ছ) ট্রান্সফরমারসহ সকল সম্পদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করা। |
| ৬ | সেচ সেবার উদ্দেশ্য (উভয় পক্ষের জন্য প্রযোজ্য | ক) পাম্প/স্কীমের সেচ এলাকায় কৃষকদের সেচের পানির নির্ভরযোগ্য ব্যবস্থা গ্রহণ করা।<br>খ) প্রি-পেইড মিটার/প্রি-পেইড কার্ডের মাধ্যমে সেচের পানি সরবরাহকরত: খরচ আদায়করণ।<br>গ) ক্ষতিগ্রস্ত বা চুরিকৃত যে কোনো সরঞ্জাম প্রতিস্থাপনসহ লিজকৃত/লিজ বহির্ভূত সম্পদের রক্ষণাবেক্ষণ ও মেরামত করা।<br>ঘ) কৃষকদের সাথে সমন্বয় ও সম্পৃক্ততার মাধ্যমে দক্ষতার সাথে সেচ কার্যক্রম বাস্তবায়ন করা।<br>ঙ) স্কিমসমূহ থেকে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি করতে কৃষকদের সহায়তা করা। |
| ৭ | লিজচুক্তির সময়কাল | প্রাথমিকভাবে চুক্তি স্বাক্ষরের তারিখ থেকে ০৫ (পাঁচ) বছরের সময়কালের জন্য লিজচুক্তি কার্যকর থাকবে, যদি না বিধি-বিধান অনুযায়ী চুক্তিটি বাতিল করা হয়। প্রয়োজনে আলোচনা সাপেক্ষে মেয়াদ বৃদ্ধি বিবেচনা করা যাবে। |
| ৮ | সেচ স্কীমসমূহ পরিচালনার অধিকার | লিজচুক্তি/হস্তান্তর চুক্তি সম্পাদনের পর দ্বিতীয় পক্ষ স্কিমগুলির ব্যবস্থাপনা, পরিচালন এবং রক্ষণাবেক্ষণ (MOM) এবং খালসমূহ হতে পানি আহরণের অধিকার সংরক্ষণ করবে। |
| ৯ | কারিগরী সহায়তা | মুহুরী সেচ প্রকল্পের হস্তান্তরকৃত স্কিমসমূহের ব্যবস্থাপনা, পরিচালন এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে প্রয়োজনে যথাযথ কারিগরী সহায়তা প্রদান করবে। |
| ১০ | পল্লী বিদ্যুৎ সমিতি (PBS) এর সাথে সমন্বয় | বিদ্যুতায়নের সমস্যা, সকল বৈদ্যুতিক বিল পরিশোধ করা এবং কোনো ট্রান্সফরমার/ বৈদ্যুতিক আইটেম প্রতিস্থাপন করার জন্য দ্বিতীয় পক্ষ পল্লী বিদ্যুৎ সমিতির (PBS) সাথে যোগাযোগ রক্ষা করবে এবং এসব ক্ষেত্রে PBS এর প্রচলিত নিয়মনীতিসমূহ অনুসরণ করবে। |
| ১১ | প্রি-পেইড মিটারিং সিস্টেম | দ্বিতীয় পক্ষকে প্রি-পেইডকার্ড এবং প্রিপেইড মিটার ব্যবহার করে পাম্প পরিচালনা করতে হবে। তারা অন্য কোনো উপায়ে প্রকল্পের স্কীমসমূহ হতে সেচের পানি সরবরাহ করতে পারবে না। এ ধারা লঙ্ঘনের ক্ষেত্রে প্রথম পক্ষ কর্তৃক চুক্তি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| ১২ | সেচচার্জ (Water Tariff) | প্রতিটি সেচ মৌসুমে দ্বিতীয় পক্ষ সর্বসম্মত/অনুমোদিত সেচচার্জ (Water Tariff) অনুসারে স্কিমসমূহ পরিচালনা করবে। পানি ব্যবস্থাপনা ফেডারেশন (WMF) কর্তৃক নির্ধারিত ও যৌথ ব্যবস্থাপনা কমিটি (JMC) কর্তৃক অনুমোদিত সেচচার্জের মাধ্যমে সেচ পরিষেবা প্রদান করতে হবে । |
| ১৩ | হস্তান্তর দলিল (Deed of Handover) | ক) লিজচুক্তির সময়ে দুই পক্ষের মধ্যে ১ম পর্যায়ে কার্যকর/পরিচালোনযোগ্য স্কীমসমূহের হস্তান্তরের একটি দলিল সম্পাদন করা হবে (**সংযুক্তি-২**, হস্তান্তর দলিল)।<br>খ) হস্তান্তর দলিলে স্কীমসমূহের তালিকা ও সম্পদের বিবরণ ও বর্তমান অবস্থা উল্লেখ থাকবে। হস্তান্তর দলিলের মাধ্যমে প্রথম পক্ষ হতে দ্বিতীয় পক্ষ এর স্কিমগুলির সম্পদ ব্যবহারের এবং রক্ষণাবেক্ষণের অধিকার পাবে।<br>গ) হস্তান্তর দলিলে লিজভূক্ত স্কীমসমূহের মূল্যায়ন অন্তর্ভুক্ত থাকবে।<br>ঘ) হস্তান্তর দলিল সম্পাদনের সময় বা পূর্বে স্কীমসমূহের কোনো ত্রুটি থাকলে দুই পক্ষের সমঝোতার মাধ্যমে ত্রুটি সংশোধন ও ব্যয় নির্ধারিত হবে।<br>ঙ) হস্তান্তরের দলিলের মাধ্যমে লিজচুক্তিকালীন সময়ের মধ্যে যেকোন অপ্রত্যাশিত পরিস্থিতির জন্য দুই পক্ষ নির্ধারিত দায়িত্ব বহন করবে।<br>চ) হস্তান্তর দলিল হস্তান্তরের সময়ে স্কীমসমূহের একটি মূল্যায়ন মাত্র এবং তা ভবিষ্যতে সরঞ্জামসমূহের কর্মক্ষমতা সম্পর্কে গ্যারান্টি প্রদান করবে না।<br>ছ) হস্তান্তর দলিলে চুক্তিকালীন সময়ে আর্থিক দায়িত্বসমূহের বিভাজন উল্লেখ থাকবে।<br>জ) লিজচুক্তি/হস্তান্তর দলিল (Deed of Handover) সম্পাদনের মাধ্যমে চুক্তি কার্যকর হবে। |
| ১৪ | লিজচুক্তি নবায়ন না করা | পূর্ব থেকে লিজচুক্তি বাতিল না হলে উভয় পক্ষ চুক্তির মেয়াদ শেষ হওয়ার ১২ মাস আগে চুক্তি নবায়ন না করার বিষয়ে নোটিশ দিতে পারে। |

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| ক্র: নং | বিষয়বস্তু | বিবরণ |
|---|---|---|
| ১৫ | প্রথম পক্ষ কর্তৃক লিজচুক্তি বাতিলকরণ/ সমাপ্তিকরণ | ক) দ্বিতীয় পক্ষ লিজচুক্তির বাধ্যবাধকতা অনুসরণ না করলে চুক্তিটি বাতিল হতে পারে।<br>খ) যে কোন উদ্ভুত পরিস্থিতি হতে উত্তরণের উপায় বিবেচনা করে ১ম পক্ষ মুহরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (WMF) এর সাথে আলোচনাক্রমে চুক্তি বাতিল করতে পারবে।<br>গ) এক্ষেত্রে, চুক্তি বাতিলের লক্ষ্যে প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে ত্রিশ (৩০) দিনের মধ্যে লিখিত নোটিশ প্রদান করবে। দ্বিতীয় পক্ষ যদি যুক্তিসঙ্গত সন্তুষ্টি অর্জনের মাধ্যমে পরিস্থিতির প্রতিকার না করতে পারে তাহলে উল্লিখিত ত্রিশ (৩০) দিন মেয়াদের পরদিন থেকে এই চুক্তিটি বাতিল বলে গণ্য হবে। |
| ১৬ | দ্বিতীয় পক্ষ কর্তৃক চুক্তি বাতিল/ সমাপ্তিকরণ | যদি প্রথম পক্ষ চুক্তির গুরুত্বপূর্ণ বিষয় লঙ্ঘন করে থাকে এবং সংশ্লিষ্ট ধারা অনুসারে এ ধরনের গুরুত্বপূর্ণ বিষয় লঙ্ঘনের প্রতিকার না করা হয়, তাহলে দ্বিতীয় পক্ষ মুহরী পানি ব্যবস্থাপনা ফেডারেশন (WMF) থেকে সুপারিশ গ্রহণ করে চুক্তিটি বাতিল করতে পারবে। |
| ১৭ | দায়বদ্ধতারসীমা | সরঞ্জামসমূহের অবমূল্যায়ন এবং প্রতিস্থাপন সংক্রান্ত খরচের সাথে দায়বদ্ধতা জড়িত। প্রি-পেইড মিটারসহ প্রত্যেকটি পাম্প সেটের মেয়াদ ১০ (দশ) বছর বিবেচনায় নিয়ে অবচয় (depreciation) দায় নির্ধারণ বাপাউবো, ফেনী পওর বিভাগের সুপারিশের পরিপ্রেক্ষিতে করতে হবে। |
| ১৮ | লিজ ফি | লিজচুক্তি/হস্তান্তর দলিল স্বাক্ষরকালীন সময়ে প্রতিটি/সকল স্কীমের ১ম বছরের নির্ধারিত লিজ-ফি এবং পরবর্তীতে চুক্তি মেয়াদকালীন প্রতি বছর ৩১ ডিসেম্বরের পূর্বে দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষকে লিজ-ফি পরিশোধ করবে।<br>নির্ধারিত লিজ-ফি এর বিবরণ নিম্নরুপ:<br>পাম্প ক্যাপাসিটি/হেক্টর এলাকা ভিত্তিক |
| ১৯ | প্রি-পেইডকার্ড/ ভেন্ডিং/রিচার্জ/ রিফিলিং | ক) যে সকল প্রি-পেইডকার্ড ইতোপূর্বে ১ম পক্ষ কর্তৃক কৃষকের অনুকূলে ইস্যু করা হয়েছে সেগুলো ২য় পক্ষ ব্যবহার করতে পারবে। ১ম পক্ষ কর্তৃক কৃষকের অনুকূলে প্রয়োজনীয় অতিরিক্ত প্রি-পেইডকার্ড ইস্যু করতে পারবে।<br>খ) এছাড়া, ১ম পক্ষ ২য় পক্ষকে ১টি মোবাইল ভেন্ডিং মেশিন প্রদান করা হবে। যার মাধ্যমে লিজভূক্ত স্কীমের প্রি-পেইডকার্ডসমূহ রিচার্জকরত: পাম্প পরিচালনা করতে পারবে এবং সেচ এলাকা ভিত্তিক সেচ চার্জ আদায় করতে পারবে। কেন্দ্রীয় বা উপজেলায় রক্ষিত ভেন্ডিং মেশিনের মাধ্যমে কৃষকের অনুকূলে প্রি-পেইডকার্ড ইস্যু এবং রিচার্জ করা যাবে। আদায়কৃত সেচচার্জ লিজভূক্ত স্কীম ও লিজবহির্ভূত স্কীমের জন্য আলাদা হবে। ১ম পক্ষ কেন্দ্রীয় সার্ভার সিস্টেম পরিচালনা করবে তবে ২য় পক্ষ ভেন্ডিং মেশিন পরিচালনা করবে।<br>গ) প্রয়োজন অনুযায়ী ভেন্ডিং মেশিন এর মাধ্যমে ২য় পক্ষ ১ম পক্ষ হতে লিজভূক্ত স্কীমের জন্য ভেন্ডিং রিফিল বা রিচার্জ করতে পারবে। এর জন্য ১ম পক্ষকে কোন অর্থ পরিশোধ করার প্রয়োজন হবে না। কোন অবস্থায় ২য় পক্ষ প্রি-পেইডকার্ড ব্যতিত পাম্প পরিচালনা/চালু করা যাবে না।<br>ঘ) ১ম পক্ষ কর্তৃক প্রি-পেইড মিটার ও সার্ভার সিস্টেম ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষন করা হবে। তবে পানি ব্যবস্থাপনা সংগঠনের নিকট সকল স্কীমসমূহ লিজচুক্তির মাধ্যমে হস্তান্তর করার পর সংগঠনের সক্ষমতা বৃদ্ধি পেলে সেক্ষেত্রে উক্ত প্রি-পেইড মিটার ও সার্ভার সিস্টেম ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষনের জন্য তাদের নিকট হস্তান্তর বিবেচনা করা হবে। |
| ২০ | স্কিম পরিচালনা | দ্বিতীয় পক্ষ স্কিম কমিটির ম্যানেজার/পাম্প অপারেটর/কৃষক প্রতিনিধি/মনোনীত স্কীম অপারেটরের (NSO) মাধ্যমে স্কিমসমূহ পরিচালনা করতে পারবে। এক্ষেত্রে ২য় পক্ষ NSO এর সাথে আলাদা চুক্তি সম্পন্ন করবে (নুন্যতম ১টি স্কীম ও সর্বোচ্চ ৫টি স্কীম)। |
| ২১ | চুরি এবং অবৈধ কার্যকলাপ | কোনো সরঞ্জাম চুরির ক্ষেত্রে এবং অবৈধ কার্যকলাপের ক্ষেত্রে পুলিশ এবং স্থানীয় প্রশাসনের সাথে ২য় পক্ষ যোগাযোগ করবে, FIR/GD দাখিল করবে ও ১ম পক্ষকে অবহিত করবে। |
| ২২ | বিরোধ নিস্পত্তি প্রক্রিয়া | কোনো দ্বন্দ্বের ক্ষেত্রে, প্রথম পক্ষ এবং দ্বিতীয় পক্ষ যৌথভাবে পারস্পরিক আলোচনার মাধ্যমে বিরোধ নিস্পত্তি করবে। যদি বিরোধ নিস্পত্তি না হয় সেক্ষেত্রে JMC সালিশকারী হিসাবে দায়িত্ব পালন করবে। যদি JMC বিরোধ নিস্পত্তি করতে ব্যর্থ হয় সেক্ষেত্রে সালিশ আইন-২০০১ এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী বিরোধ নিস্পত্তি করতে হবে। |

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| **স্বাক্ষর ও সীল** | **স্বাক্ষর ও সীল** |
| --- | --- |
| **প্রথম পক্ষ**<br>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB) এর পক্ষে<br>নির্বাহী প্রকৌশলী,<br>ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী | **দ্বিতীয় পক্ষ**<br>মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO)<br>পানি ব্যবস্থাপনা ফেডারেশন (WMF)/পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (WMA)/পানি ব্যবস্থাপনা দল (WMG)- এর পক্ষে<br><br>মনোনীত প্রতিনিধি<br>মুহরি সেচ প্রকল্পের পানি ব্যবস্থাপনা দল<br>(WMG) (জেলা, উপজেলা, ইউনিয়ন) |
| স্বাক্ষীঃ<br>১।<br><br>২। | স্বাক্ষীঃ<br>১।<br><br>২। |

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Apendix-2

# হস্তান্তর দলিল (Deed of Handover)

## ১। সাধারন তথ্য:

পানি ব্যবস্থাপনা দল (WMG) এর নাম :

পানি ব্যবস্থাপনা দল (WMG) এর ঠিকানা :

সংশ্লিষ্ট পানি ব্যবস্থাপনা দল (WMG) এর লিজভূক্ত মোট স্কীমসমূহের সংখ্যা: --------- এলাকা: ------------হেক্টর----------

**১ম পর্যায়** স্কীম হস্তান্তর সংখ্যা: ------------------------------ এলাকা: ------------------হেক্টর:------------------

## ২। স্কীমসমূহের বিবরণ ও সম্পদের তালিকা:

| স্কীম কোড | অবস্থান | কমান্ড এলাকা (হেক্টর) | পাম্প/মটর | পাম্প হাউজ | হেডার ট্যাংক | প্রি-পেইড মিটার | ভ্যান্ট পাইপ/রাইজার | পাম্প পাইপলাইন | ভূগর্ভস্থ পাইপলাইন | আউটলেট | ভালভ | বৈদ্যুতিক ট্রান্সফরমার | বৈদ্যুতিক মিটার বক্স | ভেন্ডিং মেশিন | অন্যান্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |

## ৩। হস্তান্তরকালীন সময়ে স্কীমসমূহের অবস্থা:

| | সম্পদসমূহের অবস্থা | দায়িত্বসমূহ এবং ত্রুটি সংশোধনের সময়কাল |
|---|---|---|
| স্কীম কোড | | |
| অবস্থান | | |
| কমান্ড এলাকা (হেক্টর) | | |
| পাম্প/মটর | | |
| পাম্প হাউজ | | |
| হেডার ট্যাংক | | |
| প্রি-পেইড মিটার | | |
| ভ্যান্ট পাইপ/রাইজার | | |
| পাম্প পাইপলাইন | | |
| ভূগর্ভস্থ পাইপলাইন | | |
| আউটলেট | | |
| ভালভ | | |
| বৈদ্যুতিক ট্রান্সফরমার | | |
| বৈদ্যুতিক মিটার বক্স | | |
| ভেন্ডিং মেশিন | | |
| অন্যান্য | | |

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ৪। আর্থিক দায়িত্বসমূহের বিভাজন:

| আর্থিক দায়িত্বসমূহ (দ্বিতীয় পক্ষ এর জন্য খরচের বরাদ্দকৃত %) | | | | | |
|---|---|---|---|---|---|
| | বছর | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| লিজ-ফি | % | % | % | % | % |
| বিদ্যুৎ বিল (Irrigation Season) | % | % | % | % | % |
| বিদ্যুৎ বিল (Irrigation off Season) | % | % | % | % | % |
| সেচ অপারেটরের ফি | % | % | % | % | % |
| সেচ বৎসরের প্রারম্ভে মবিলাইজেশন খরচ | % | % | % | % | % |
| বাৎসরিক পরিচালন ও রক্ষণাবেক্ষণ খরচ | % | % | % | % | % |
| চুরি বা অন্যান্য কারণে স্কীমের ক্ষতি মেরামত খরচ | % | % | % | % | % |
| পানি ব্যবস্থাপনা সংগঠনের অনুদান | % | % | % | % | % |
| ভেন্ডিং মেশিন পরিচালনা খরচ | % | % | % | % | % |
| স্কীমের পাম্প প্রতিস্থাপন খরচ (Depreciation) | % | % | % | % | % |
| অন্যান্য খরচ | % | % | % | % | % |

## ৫। লিজ-ফি প্রদানের বিবরণ:

২য় পক্ষ ১ম পক্ষকে হস্তান্তর দলিল সম্পাদনের পূর্বে পরিশোধ করা হলো:

সম্পাদিত লিজচুক্তির শর্তাবলি মেনে অদ্য ...../...../........খ্রি: তারিখ হস্তান্তর দলিল সম্পাদন করা হলো।

| স্বাক্ষর ও সীল | স্বাক্ষর ও সীল |
|---|---|
| **প্রথম পক্ষ**<br>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB) এর পক্ষে<br>নির্বাহী প্রকৌশলী,<br>ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী | **দ্বিতীয় পক্ষ**<br>মুহুরী পানি ব্যবস্থাপনা সংগঠন<br>পানি ব্যবস্থাপনা ফেডারেশন (WMF)/পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (WMA)/পানি ব্যবস্থাপনা দল (WMG)- এর পক্ষে<br><br>মনোনীত প্রতিনিধি<br>মুহরি সেচ প্রকল্পের পানি ব্যবস্থাপনা দল<br>(WMG) (জেলা, উপজেলা, ইউনিয়ন) |
| স্বাক্ষীঃ<br>১।<br><br>২। | স্বাক্ষীঃ<br>১।<br><br>২। |

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মুহরী সেচ প্রকল্পের ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণ (MOM) এর সংশোধিত গাইডলাইন মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্তে চূড়ান্তকরণের জন্য গঠিত কমিটির সদস্যদের স্বাক্ষর

| ক্র: নং | নাম | পদবী ও দপ্তর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ জহিরুল ইসলাম | অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাপাউবো, ঢাকা ও আহ্বায়ক। | 28/07/2024 |
| ২ | জনাব মোঃ রাফিউস সাজ্জাদ | প্রধান প্রকৌশলী (পুর)/প্রকল্প পরিচালক সেচ ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প, বাপাউবো, ঢাকা ও সদস্য-সচিব | 28/7/2024 |
| ৩ | জনাব ড. শ্যামল চন্দ্র দাস | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর) প্রধান প্রকৌশলী, পরিকল্পনা, বাপাউবো, ঢাকা ও সদস্য। | 28/07/2024 |
| ৪ | জনাব মাহফুজ আহমদ | প্রধান পানি ব্যবস্থাপনা কমিউনিটি ডেভেলপমেন্ট এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য। | 28/07/2024 |
| ৫ | জনাব মোহাম্মদ আবু বকর সিদ্দিক ভূইয়া | প্রকল্প পরিচালক দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প-২য় পর্যায় শীর্ষক প্রকল্প, বাপাউবো, ঢাকা ও সদস্য। | 28/07/24 |
| ৬ | জনাব মোঃ ছাইফুল ইসলাম | উপ-পরিচালক (প্রশাসন) আইন বিভাগ, বাপাউবো, ঢাকা ও সদস্য। | 28/07/2024 |